হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-১৬ ঃ মেহেরপুর-বুধবার ২৯ অক্টোবর ২০২৫ ইং ঃ ১৩ কার্তিক ১৪৩২ বাংলা ঃ ৬ জমা ,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com



সালমান শাহ হত্যায় জড়িয়ে অপপ্রচারে মুখ খুললেন শাবনূর -পৃষ্ঠা-৩

## অন্ধ্র উপকূলে ধেয়ে আসছে ঘূর্ণিঝড় 'মন্থা', রেড অ্যালার্ট জারি

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের অন্ধ্রপ্রদেশ উপকূলের দিকে ধেয়ে আসছে শক্তিশালী ঘূর্ণিঝড় 'মন্থা'। মঙ্গলবার (২৮ অক্টোবর) সন্ধ্যার মধ্যে এটি কাকিনাডার কাছেড়্মাচিলিপাটনম ও কালিঙ্গাপট্টনমের মধ্যবর্তী এলাকায় স্থলভাগে আছড়ে পড়তে পারে বলে জানিয়েছে ভারতীয় আবহাওয়া অধিদফতর (আইএমডি)।

আইএমডির মহাপরিচালক ড. এম. মোহাপাত্র জানান, ঘূর্ণিঝড় মন্থার আঘাতে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হতে পারে অন্ধ্রপ্রদেশ, এরপর ওড়িশা ও ছত্তিশগড়। ২৮ থেকে ৩০ অক্টোবর পর্যন্ত এই তিন রাজ্যের পাশাপাশি তামিলনাড়ুতে ভারী বৃষ্টিপাত অব্যাহত থাকবে। তিনি আরও জানান, মন্থা একটি তীব্র ঘূর্ণিঝড় হিসেবে উপকূলে আঘাত হানবে। এর সর্বোচ্চ বেগ ঘণ্টায় ৯০ থেকে ১০০ কিলোমিটার পর্যন্ত হতে পারে। স্থলভাগে প্রবেশের পর এটি কিছুটা দুর্বল হয়ে ওড়িশার দিকে অগ্রসর হবে। বর্তমানে ঘূর্ণিঝড়টি চেন্নাই থেকে ৪২০ কিলোমিটার, বিশাখাপত্তনম থেকে ৫০০

২-এর পৃষ্ঠা দেখুন

## বসতবাড়ির কোলঘেঁষে পুকুর খনন, আতঙ্কে চার পরিবার

# গাংনীতে আইন অমান্য করে চলছে ভেকু মেশিনে পুকুর খনন



বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত ২০১০)-এর আওতায় বলা হয়েছে, যদি পুকুর খননের ফলে পরিবেশ, ভূমি বা প্রতিবেশে পরিবর্তন ঘটে, তাহলে পরিবেশ অধিদপ্তরের অনুমতি নিতে হবে।

রাব্বি আহমেদ,গাংনী

মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের সহগোলপুর গ্রামের দক্ষিণপাড়ায় ভূমি আইন লঙ্ঘন করে পুকুর খননের কারণে যেকোনো মুহূর্তে বসতবাড়ি পুকুরে ধসে পড়ার আশঙ্কায় চরম আতঙ্কে দিন কাটাচ্ছে চারটি পরিবার। আইনকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে পুকুরের মালিক বলছেন, "আমার জমিতে পুকুর আমি খনন করব, এর জন্য সরকারের কাছ থেকে লিখিত অনুমতি নেওয়ার প্রয়োজন নেই।" দায় এড়াতে গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) বলেছেন, ভুক্তভোগী পরিবারগুলোকে লিখিত অভিযোগ দেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত ২০১০)-এর আওতায় বলা হয়েছে, যদি পুকুর খননের ফলে পরিবেশ, ভূমি বা প্রতিবেশে পরিবর্তন ঘটে, তাহলে পরিবেশ অধিদপ্তরের অনুমতি নিতে হবে। বিশেষ করে ঘনবসতিপূর্ণ এলাকায় বড় পুকুর খনন করলে মাটি ধসে পড়া, পানির ভারসাম্য নষ্ট হওয়া বা প্রতিবেশীর ক্ষতির সম্ভাবনা থাকলে তা বেআইনি বলে গণ্য হতে পারে। এসব কিছুর তোয়াক্কা না করে আব্দুল কুদ্দুস চারটি পরিবারকে হুমকির মুখে ফেলে কয়েকদিন ধরে ভেকু মেশিন দিয়ে বসতবাড়ির একেবারে কোলঘেঁষে পুকুর খনন করছেন। এই পুকুর খনন বেআইনি হলেও নিশ্চুপ বসে আছেন গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. নাবিদ হোসেন। স্থানীয়রা জানান, সহগোলপুর গ্রামের কুদ্দুস আলীর ছেলে

২-এর পৃষ্ঠা দেখুন





# হাজারো জনতার অশ্রুসিক্ত বিদায়

## মেহেরপুরে আওয়ামী লীগ নেতা হাজী গোলাম রসুলের জানাজায় মানুষের ঢল

নিজস্ব প্রতিবেদক

হাজারো জনতার ভালোবাসা আর অশ্রুসিক্ত শ্রদ্ধায় চিরবিদায় নিলেন সদর উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি হাজী গোলাম রসুল। গতকাল মঙ্গলবার বাদ আসর মেহেরপুর হোটেল বাজার জামে মসজিদের সামনে অনুষ্ঠিত হয় তাঁর জানাজা। জানাজা শেষে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের পাশে পৌর কবরস্থানে তাঁকে দাফন করা হয়। এর আগে দুপুর ১২টার দিকে তাঁর মরদেহ মেহেরপুরে পৌঁছালে এলাকায় নেমে আসে শোকের ছায়া। প্রিয় নেতাকে একনজর দেখতে হাজারো মানুষ ভিড় জমায়। কান্নায় ভেঙে পড়েন স্বজন, সহকর্মী, রাজনৈতিক নেতা-কর্মী ও শুভানুধ্যায়ীরা। পুরো এলাকা তখন শোক আর আবেগে নিস্তব্ধ হয়ে পড়ে। সামাজিক যোগাযোগ মাধ্যম জুড়ে দিন ব্যাপী ছিলো তার মৃতুর খবর আর তাঁকে স্মরণ করে পোস্ট। পারিবারিক সূত্রে জানা গেছে, সোমবার দিবাগত রাত ১২টার দিকে ঢাকার স্কয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় হাজী গোলাম রসুল শেষ নিঃশ্বাস ত্যাগ করেন (ইন্নালিল্লাহি...রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৬ বছর। দুই সপ্তাহ আগে অসুস্থ হয়ে পড়লে তাঁকে ঢাকায় নেওয়া হয়। মঙ্গলবার তাঁর একটি অস্ত্রোপচারের কথা থাকলেও তার আগেই তিনি মারা যান। দীর্ঘ রাজনৈতিক জীবনে হাজী গোলাম রসুল ছিলেন আওয়ামী লীগের নিবেদিতপ্রাণ ও জনপ্রিয় নেতা। ২০০১ থেকে ২০০৬ সাল পর্যন্ত তিনি ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের অন্যতম ভরসাস্থল। দলের

২-এর পৃষ্ঠা দেখুন





# রবি মৌসুমের শাকসবজি প্রণোদনা কর্মসূচির উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে রবি মৌসুমের শাকসবজি প্রণোদনা কর্মসূচির আওতায় বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে।

গতকাল মঙ্গলবার (২৮ অক্টোবর ২০২৫) সকালে সদর উপজেলা ও গাংনী উপজেলায় পৃথকভাবে এই প্রণোদনা বিতরণ কার্যক্রমের উদ্বোধন করা হয়। মেহেরপুর সদর উপজেলা পরিষদ প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে প্রণোদনা কর্মসূচির উদ্বোধন করেন সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা কৃষি কর্মকর্তা

২-এর পৃষ্ঠা দেখুন

# মাদক সেবীর দুই মাসের কারাদণ্ড

নিজস্ব প্রতিবেদক



মেহেরপুর সদর উপজেলায় জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে দুই মাদক সেবীকে দুই মাসের কারাদণ্ড ও ১০০ টাকা করে জরিমানা করা হয়েছে। গতকা মঙ্গলবার বিকেলে এই অভিযান পরিচালনা করেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মো. খায়রুল ইসলাম। দণ্ডপ্রাপ্তরা হলেনড়্মিরপুর সদর উপজেলার গোপালপুর বিলপাড়ার মৃত জাহান বক্সের ছেলে শমসের শেখ (৫৮) এবং কালাচাঁদপুর গ্রামের মৃত ফজল শেখের ছেলে আব্দুস সামাদ শেখ (২০)। ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, মেহেরপুর সদর উপজেলার বিলপাড়া এলাকায় মাদক সেবনের খবর পেয়ে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক বিদ্যুৎ বিহারী নাথের নেতৃত্বে সঙ্গীয় ফোর্স

২-এর পৃষ্ঠা দেখুন

## দুই মামলায় দুই আসামির কারাদণ্ড

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে পৃথক দুই মামলায় দুই আসামিকে কারাদণ্ড দিয়েছেন আদালত। গতকাল সোমবার (২৮ অক্টোবর) জেলা চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মো. শাজাহান আলীর আদালত এ রায় ঘোষণা করেন। আদালত সূত্রে জানা গেছে, জালিয়াতি মামলায় আসামি মো. হানেফ মহলদারকে দণ্ডবিধির ৪৬৭ ধারায় তিন বছরের সশ্রম কারাদণ্ড ও ২০ হাজার টাকা অর্থদণ্ড, অনাদায়ে আরও ৩০ দিনের কারাদণ্ড দেওয়া হয়। মামলার বিবরণে জানা যায়, সাহারবাটী মৌজার মৃত ওয়াজ বক্সের মালিকানাধীন জমি বিক্রির সময় আসামি হানেফ মহলদার

২-এর পৃষ্ঠা দেখুন




# যুবদলের প্রতিষ্ঠা বার্ষিকীতে মিছিল ও সমাবেশ

নিজস্ব প্রতিবেদক

যুবদলের প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে মেহেরপুরে মিছিল ও সমাবেশ করেছে জেলা যুবদল।গতকাল মঙ্গলবার বিকালে সড়ক বিভাগের সামনে থেকে জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদের নেতৃত্বে একটি মিছিল বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে

২-এর পৃষ্ঠা দেখুন



# নবনির্মিত ব্যাডমিন্টন কোর্টের উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলায় নবনির্মিত ব্যাডমিন্টন কোর্টের উদ্বোধন করা হয়েছে। গতকাল মঙ্গলবার (২৮ অক্টোবর) সকাল ১০টার দিকে উপজেলা পরিষদ চত্বরে ব্যাডমিন্টন কোর্টের উদ্বোধন করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. খায়রুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুমাইয়া জাহান ঝুরকা, উপজেলা কৃষি

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে স্কুলছাত্রের আত্মহত্যা

নিজস্ব প্রতিবেদক, গাংনী

মেহেরপুরের গাংনী উপজেলায় আপন মিয়া (১৩) নামে এক স্কুলছাত্র আত্মহত্যা করেছে।গতকাল মঙ্গলবার (২৮ অক্টোবর) দুপুর আড়াইটার দিকে উপজেলার রাইপুর গ্রামে এ ঘটনা ঘটে। নিহত আপন রাইপুর গ্রামের লিটন আলীর ছেলে এবং রাইপুর মাধ্যমিক বিদ্যালয়ের সপ্তম শ্রেণির ছাত্র। স্থানীয় সূত্রে জানা যায়, দুপুরের দিকে বাড়ির পেছনে একটি গাছের ডালে রশি পেঁচিয়ে গলায় ফাঁস দেয় আপন। পরে প্রতিবেশীরা দেখে দ্রুত উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক ডা. মাসুদুর রহমান তাকে মৃত ঘোষণা করেন। এ ঘটনার সুনির্দিষ্ট কারণ জানা যায়নি। স্থানীয়রা ধারণা করছেন, পারিবারিক কোনো

২-এর পৃষ্ঠা দেখুন



# সদর উপজেলা গোল্ড কাপ ফুটবলে আমঝুপি ইউনিয়নের জয়

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের উদ্যোগে অনুষ্ঠিত সদর উপজেলা গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্টে আমঝুপি ইউনিয়ন একাদশ বিজয়ী হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেলে মেহেরপুর স্টেডিয়াম মাঠে অনুষ্ঠিত ফাইনাল খেলায় আমঝুপি ইউনিয়ন একাদশ ২-১ গোলে কুতুবপুর ইউনিয়ন একাদশকে পরাজিত করে। খেলায় প্রথমার্ধের ৪ মিনিটে সজিব গোল করে দলকে এগিয়ে নেন। ১০ মিনিটে করিম

২-এর পৃষ্ঠা দেখুন

# কুষ্টিয়ায় স্বাস্থ্য সহকারী পরীক্ষায় দুর্নীতিতে দুদকের অভিযান

নিজস্ব প্রতিবেদক.কুষ্টিয়া

কুষ্টিয়া সিভিল সার্জন কার্যালয়ের অধীনে অনুষ্ঠিত স্বাস্থ্য সহকারী পদে নিয়োগ পরীক্ষায় প্রশ্নফাঁস ও অনিয়ম-দুর্নীতির অভিযোগে দুদক দুইদিনব্যাপী অভিযান পরিচালনা করেছে। দুদকের জনসংযোগ বিভাগের উপপরিচালক মো. আকতারুল ইসলাম জানান, গত ২৪ অক্টোবর অনুষ্ঠিত পরীক্ষায় অনিয়মের অভিযোগের প্রেক্ষিতে ২৬ ও ২৭ অক্টোবর অভিযান চালানো হয়। অভিযানের সময় সংশ্লিষ্ট ব্যক্তিদের বক্তব্য নেওয়া হয়েছে এবং সিভিল সার্জন কার্যালয় থেকে প্রয়োজনীয় নথিপত্র ও তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়েছে। প্রাথমিক তদন্তে দেখা গেছে, স্থানীয় বিভিন্ন দপ্তরের অসাধু কর্মকর্তা-কর্মচারীদের যোগসাজশে প্রশ্নফাঁসের ঘটনা সংঘটিত হয়েছে। এ সময় জড়িতদের মোবাইল ফোনসহ বিভিন্ন আলামত জব্দ করা হয়েছে। প্রাপ্ত তথ্য-প্রমাণের ভিত্তিতে বিস্তারিত অনুসন্ধানের সুপারিশসহ একটি প্রতিবেদন কমিশনের কাছে দাখিল করা হয়েছে।

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ

প্রোঃ মোঃ আলতাফ হোসেন

এখানে পাওয়া যায়

✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী

✓ প্লাস্টিক সামগ্রী

খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।

কাঁসারী বাজার, মেহেরপুর।

০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

পরিবেশক

- কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
- আর এফ এল
- আকিজ সিরামিক

## অনুবাক্য

### মামুনুর রশিদ মামুন

### খবর (ঘাস ফড়িং এ চাষীদের সর্বনাশ)

ঘাসফুল দেখতে ভাল
সবাই ভালবাসে
ঘাসফড়িং লাগলে ধানে
সর্বনাশ ডেকে আনে।
মাঝের ডগা শেষ করে
গোড়ায় যায় চলে
রস টুকু চুষে খেয়ে
নাড়া হয়ে ঝোলে।
সার কীটনাশক খরচ করে
ধানের যত্ন নেয়
ভেজাল ওষুধ ছিটিয়ে কৃষক
খড় কুটা টাও না পাই।
কৃষি বিভাগ ?এতোই লুজ
নেই কোন অবদান
মাসে মাসে নিচ্ছে বেতন
হচ্ছে চাষীর সর্বনাশ।




# মেহেরপুরে পল্টন ট্র্যাজেডি দিবস পালিত

নিজস্ব প্রতিবেদক

পল্টন ট্র্যাজেডি দিবস উপলক্ষে মেহেরপুর জেলা জামায়াতে ইসলামী-এর উদ্যোগে বিক্ষোভ সমাবেশ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার (২৮ অক্টোবর) বিকেল ৪টায় পৌর কমিউনিটি সেন্টার চত্বরে আয়োজিত অনুষ্ঠানে জেলা জামায়াতে ইসলামী নায়েবে

২-এর পৃষ্ঠা দেখুন

## সড়ক দুর্ঘটনায় ৩ জন আহত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সড়ক দুর্ঘটনায় তিন জন আহত হয়েছে । গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ৮টার দিকে মেহেরপুর জেল থানার সামনে এঘটনা ঘটে। আহতরা হলেন মাহাফুজ, রায়হান ও সাদিয়া । আহতদের মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, তারা রায়পুর থেকে ইজিবাইক যোগে মেহেরপুর যাচ্ছিলেন। তখন একই দিক থেকে আসা একটি ট্রাক ইজিবাইককে পিছন থেকে ধাক্কা দেয়। এতে ইজিবাইক চালক রায়হান ও দু'জন যাত্রী রাস্তার

২-এর পৃষ্ঠা দেখুন



# পুলিশের দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক

নির্বাচনি দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে পুলিশের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত ৩ দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা (৭ম ব্যাচ) আজ পুলিশ লাইন্স, মেহেরপুরে শুভ উদ্বোধন করেন জেলা পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী। প্রশিক্ষণে মেহেরপুর জেলার

২-এর পৃষ্ঠা দেখুন

সু- খবর সু- খবর সু- খবর

আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।

আমাদের কাছে পাচ্ছেন -

- অথেনটিক প্রোডাক্ট
- সেরা দাম
- নির্ভরযোগ্য সেবা

মোবাইল স্টেশন

তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।

আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক,মেহেরপুর

হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১

আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।

বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইলবিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ বুধবার ॥ ১৩ কার্তিক ১৪৩২ বাংলা ॥ ২৯ অক্টোবর ২০২৫ইং

## কঠিন সময়ের বিষয়ে ফের সতর্ক করলেন তারেক রহমান

সূর্যোদয় প্রতিবেদন

দলীয় ঐক্য বজায় রাখতে এবং আগামীর কঠিন পরিস্থিতি মোকাবিলায় ভেদাভেদ ভুলে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানিয়েছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। তিনি বলেন, "ঐক্যবদ্ধভাবে দল মনোনীত প্রার্থীদের পক্ষে কাজ না করলে সামনে আরও কঠিন সময় আসবে।" সোমবার (২৭ অক্টোবর ২০২৫) বিকেলে দলের চেয়ারপারসনের গুলশানের রাজনৈতিক কার্যালয়ে সিলেট, খুলনা, রাজশাহী, বরিশাল ও ঢাকা বিভাগের মনোনয়নপ্রত্যাশী নেতাদের সঙ্গে ধারাবাহিক মতবিনিময় সভায় তিনি এ আহ্বান জানান। সভায় বিএনপি

৩-এর পৃষ্ঠা দেখুন

## নির্বাচনের দিন বা তার আগে গণভোটের সুপারিশ ঐকমত্য কমিশনের

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় সংসদ নির্বাচনের দিন অথবা তার আগে যে কোনো একদিন গণভোট আয়োজনের সুপারিশ করেছে জাতীয় ঐকমত্য কমিশন। এ বিষয়ে দ্রুত নির্বাচন কমিশনের (ইসি) সঙ্গে যোগাযোগের তাগিদ দেওয়া হয়েছে। মঙ্গলবার (২৮ অক্টোবর ২০২৫) দুপুরে রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান জাতীয় ঐকমত্য কমিশনের সহসভাপতি ড. আলী রীয়াজ। ড. আলী রীয়াজ বলেন, আজকেই সব রাজনৈতিক দলকে বাস্তবায়ন প্রক্রিয়ার সুপারিশমালা পৌঁছে দেওয়া হবে। সংবিধানের সঙ্গে সাংঘর্ষিক নয়ড়এমন সব বিষয় সরকারি অধ্যাদেশের মাধ্যমে দ্রুত বাস্তবায়ন করার পরামর্শ দেওয়া হয়েছে। তিনি আরও জানান, সংবিধান সংশ্লিষ্ট ৪৮টি বিষয়ে পরামর্শ দেওয়া হয়েছে এবং এসব বিষয় একসঙ্গে বাস্তবায়নের জন্য গণভোট আয়োজনের প্রস্তাব করা হয়েছে। ঐকমত্য কমিশনের সহসভাপতি বলেন, আগামী জাতীয় সংসদের মেয়াদের মধ্যেড় অর্থাৎ ৯ মাসের মধ্যে সংবিধান সংস্কার পরিষদ গঠন করা হবে। এই সংসদ জুলাই সনদ বাস্তবায়নের দায়িত্ব নেবে। যদি সংবিধান সংস্কার পরিষদ ২৭০ দিনের মধ্যে সংস্কার সম্পন্ন করতে না পারে, তবে জুলাই সনদের প্রস্তাবিত বিষয়গুলো স্বয়ংক্রিয়ভাবে সংবিধানে অন্তর্ভুক্ত হবে।

জুলাই সনদে স্বাক্ষর প্রসঙ্গে ড. রীয়াজ বলেন, "যেসব রাজনৈতিক দল এখনো স্বাক্ষর করেনি, তাদের সঙ্গে যোগাযোগ অব্যাহত আছে। এনসিপির সঙ্গেও আলোচনা চলছে। আমরা আশাবাদী, এনসিপিও সনদে স্বাক্ষর করবে।" এর আগে সকালে জাতীয় ঐকমত্য কমিশন জুলাই সনদ বাস্তবায়নের উপায় সম্পর্কিত সুপারিশপত্র অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের কাছে জমা দেয়।


## জাতীয় ঐক্য প্রতিষ্ঠার বদলে অনৈক্যের প্রচেষ্টা: সালাহউদ্দিন

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় ঐক্য নয়, বরং জাতীয় অনৈক্য প্রতিষ্ঠার প্রচেষ্টা নিয়েছে ঐকমত্য কমিশনড় এমন মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ। মঙ্গলবার (২৮ অক্টোবর) বিকেলে সচিবালয়ে আইন উপদেষ্টা ড. আসিফ নজরুলের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন। সালাহউদ্দিন আহমদ বলেন, "সুপারিশের মাধ্যমে জাতীয় ঐকমত্য কমিশন জাতীয় ঐক্য প্রতিষ্ঠার বদলে 'জাতীয় অনৈক্য' প্রতিষ্ঠার একটি প্রচেষ্টা গ্রহণ করেছে। এ জন্য তাদের ধন্যবাদ।" তিনি আরও বলেন,

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## খাবারেই মাইগ্রেন নিয়ন্ত্রণ

সূর্যোদয় প্রতিবেদন

মাইগ্রেন এক জটিল স্নায়বিক সমস্যা, যা কখনও কয়েক ঘণ্টা আবার কখনও কয়েক দিন পর্যন্ত স্থায়ী হতে পারে। মাথার এক পাশ থেকে শুরু হয়ে গোটা মাথায় ছড়িয়ে পড়া ব্যথা, বমি ভাব, আলো বা শব্দে অস্বস্তি এসবই মাইগ্রেনের সাধারণ উপসর্গ। চিকিৎসকরা বলছেন, এই রোগের স্থায়ী চিকিৎসা না থাকলেও জীবনযাত্রায় কিছু পরিবর্তন আনলে ও সঠিক খাদ্যাভ্যাস গড়ে তুললে মাইগ্রেনের তীব্রতা অনেকটাই কমানো সম্ভব।

মৌসুম পরিবর্তনের সময় কখনও ঝমঝমিয়ে বৃষ্টি, কখনও চড়া রোদ এই সময়টাতেই মাইগ্রেন বেশি মাথাচাড়া দেয়। বিশেষজ্ঞদের মতে, পর্যাপ্ত পানি পান, নিয়মিত ঘুম ও সঠিক খাবার এই যন্ত্রণার বিরুদ্ধে কার্যকর ভূমিকা রাখতে পারে। যেসব খাবারে মিলবে উপশম: প্রতিদিন অন্তত ৪-৫ লিটার পানি পান করা উচিত। শরীরে পানির ঘাটতি মাইগ্রেনের অন্যতম কারণ। কলা: ম্যাগনেশিয়ামসমৃদ্ধ কলা রক্তে শর্করা নিয়ন্ত্রণে রাখে ও মাথা ব্যথা কমায়। বাদাম: কাঠবাদাম, কাজুবাদাম বা আখরোটে থাকা ম্যাগনেশিয়াম মাথা ব্যথা উপশমে সহায়ক। তেলযুক্ত মাছ: ইলিশ, রুই, কাতলা ওমেগা৩ ফ্যাটি অ্যাসিডে ভরপুর, যা প্রদাহ কমায়। শাকসবজি ও ফল: পালং শাক, সবুজ শাক ও তাজা ফলের ভিটামিন

৩-এর পৃষ্ঠা দেখুন



## বামনপাড়া পূজা মন্ডপে কাত্যায়নী পূজার উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার বামনপাড়া পূজা মন্ডপে কাত্যায়নী পূজার শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। সোমবার রাতের এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খাইরুল ইসলাম। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বামনপাড়া পূজা মন্দীর কমিটির সভাপতি বকুল চন্দ্র দাস। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ মেহেরপুর জেলা শাখার সদস্য সচিব ড. অশোকচন্দ্র বিশ্বাস, সদস্য জয়দেব কুমার সাহা এবং মেহেরপুর জেলা হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদের আহ্বায়ক মাধব চন্দ্র ভাস্কর। উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও পূজা উদ্যোক্তারা।

রোগীদের চিকিৎসা দিচ্ছি। হাইজিন বজায় রাখা ও সবাইকে একসাথে চিকিৎসা নিতে হবে। তখনই প্রাদুর্ভাব কমবে।" জেলার ৪ উপজেলায় গত এক মাসে প্রায় ৬০ হাজার মানুষ স্ক্যাবিসে আক্রান্ত হয়েছেন।

## পরিবেশ ধ্বংস করে উন্নয়ন টেকসই নয়: রিজওয়ানা হাসান

সূর্যোদয় প্রতিবেদন

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান বলেছেন, "পরিবেশ ধ্বংসের বিনিময়ে উন্নয়ন কখনো টেকসই হতে পারে না।" তিনি বলেন, দেশের নদী, বন ও জলাভূমি রক্ষা এখন শুধু পরিবেশের প্রশ্ন নয়, বরং টিকে থাকা, ন্যায্যতা ও মানব মর্যাদার সঙ্গে সম্পর্কিত। বুধবার (২৯ অক্টোবর ২০২৫) রাজধানীর শেরেবাংলা নগরের বাংলাদেশ-চীন মৈত্রী আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ (ইউল্যাব)-এর ৮ম সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। রাষ্ট্রপতির প্রতিনিধি হিসেবে অনুষ্ঠানে সভাপতিত্ব ও উদ্বোধন করেন সৈয়দা রিজওয়ানা হাসান। তিনি আরও বলেন, "প্রকৃত উন্নয়ন

৩-এর পৃষ্ঠা দেখুন



## ৫৫ বছরেও জাতির শিক্ষাব্যবস্থা কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে পারেনি: মামুনুল হক

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ খেলাফত মজলিসের আমির মাওলানা মুহাম্মাদ মামুনুল হক বলেছেন, স্বাধীনতার ৫৫ বছর পার হলেও দেশের শিক্ষাব্যবস্থা এখনো কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে পারেনি। তিনি বলেন, "ইসলাম সম্পর্কে প্রাথমিক বিদ্যালয়ে জ্ঞানের পরিমাণ শূন্য নয়, বরং মাইনাসের কোঠায়। এই শিক্ষাব্যবস্থায় শিক্ষিত প্রজন্মের ভেতরে দ্বীন, নবী ও কোরআন সম্পর্কে ভুল ধারণা তৈরি হচ্ছেড় যা জাতির জন্য ভয়ংকর সংকেত।" সোমবার (২৭ অক্টোবর) দুপুরে শরীয়তপুরের ভেদরগঞ্জ উপজেলার চরসেনসাস ইউনিয়নের বালার বাজারে অবস্থিত শরীয়াতুন হাবিব দারুল উলুম কওমী মাদ্রাসার একাডেমিক ভবন উদ্বোধন ও বিশেষ দোয়া মাহফিল অনুষ্ঠানে প্রধান মেহমান হিসেবে উপস্থিত থেকে তিনি এসব কথা বলেন। মাওলানা মামুনুল হক আরও বলেন, "একটি

৩-এর পৃষ্ঠা দেখুন

## জোট হলেও নিজ দলের প্রতীকে নির্বাচন চায় জামায়াত

সূর্যোদয় প্রতিবেদন

নির্বাচনি জোট গঠন করা হলেও প্রার্থীদের নিজ নিজ দলের প্রতীকে নির্বাচন করার বিধান বজায় রাখার পক্ষে অবস্থান নিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। অন্যদিকে, এই বিধানের বিরোধিতা করে গণপ্রতিনিধিত্ব আদেশের (আরপিও) সংশ্লিষ্ট ধারা আগের মতো রাখার দাবি জানিয়েছে বিএনপি। ফলে আসন্ন জাতীয় নির্বাচনকে সামনে রেখে জোটের মধ্যে মতপার্থক্যের ইঙ্গিত পাওয়া যাচ্ছে। মঙ্গলবার (২৮ অক্টোবর ২০২৫) বিকেলে রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিনের সঙ্গে বৈঠকে বসে জামায়াতের একটি প্রতিনিধিদল। প্রতিনিধিদলের নেতৃত্ব দেন দলের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। বৈঠক শেষে সাংবাদিকদের তিনি বলেন,

৩-এর পৃষ্ঠা দেখুন



## ইতিহাসে দায়ভার রয়েছে এমন দলের সঙ্গে জোট নয়: নাহিদ ইসলাম

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক কমিটি (এনসিপি)-এর আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, "সংস্কারের বিপক্ষে কেউ দাঁড়ায় বা ইতিহাসে দায়ভার রয়েছে এমন রাজনৈতিক দলের সঙ্গে এনসিপির জোট হওয়ার কোনো সম্ভাবনা নেই।" মঙ্গলবার (২৮ অক্টোবর) দুপুরে এনসিপির বিভাগীয় প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি এসব কথা বলেন। নাহিদ ইসলাম বলেন, "আমরা এখন পর্যন্ত কোনো জোটে যাওয়ার সিদ্ধান্ত নেইনি। যদি সিদ্ধান্ত নিতে হয়, অবশ্যই তা নীতিগত অবস্থান থেকে হবে। যারা সংস্কারের বিপক্ষে, স্বাধীনতা-সার্বভৌমত্বের নতুন আকাঙ্ক্ষার বিপরীতে অবস্থান নেয়, কিংবা ইতিহাসে যাদের দায়ভার রয়েছেড় তাদের সঙ্গে জোটে যাওয়ার বিষয়ে আমাদের অনেকবার ভাবতে হবে। আমরা একটি নতুন রাজনৈতিক শক্তি,

২-এর পৃষ্ঠা দেখুন



## অলিনের সেঞ্চুরিতে সিরিজে এগিয়ে গেল বাংলাদেশ

সূর্যোদয় প্রতিবেদন

বগুড়ার শহীদ চান্দু স্টেডিয়ামে দুর্দান্ত এক ইনিংস খেললেন কালাম সিদ্দিকি অলিন। তার সেঞ্চুরির ওপর ভর করে আফগানিস্তান অনূর্ধ্ব১৯ দলকে ৫ রানে হারিয়েছে বাংলাদেশ অনূর্ধ্ব১৯ দল। এই জয়ের ফলে

৩-এর পৃষ্ঠা দেখুন

## তত্ত্বাবধায়ক সরকার ফিরলেও নির্বাচন হবে অন্তর্বর্তী সরকারের অধীনেই: শিশির মনির

সূর্যোদয় প্রতিবেদন

তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা পুনর্বহাল হলেও আসন্ন জাতীয় নির্বাচন অন্তর্বর্তী সরকারের অধীনেই অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন জামায়াতে ইসলামী'র আইনজীবী শিশির মনির। মঙ্গলবার (২৮ অক্টোবর) প্রধান বিচারপতি সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বাধীন আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চে তত্ত্বাবধায়ক সরকার বাতিলের রায়ের বিরুদ্ধে করা আপিলের চতুর্থ দিনের শুনানিতে তিনি এ মন্তব্য করেন। শুনানিতে শিশির মনির বলেন, "তত্ত্বাবধায়ক সরকারের ধারণা একটি অনন্য

২-এর পৃষ্ঠা দেখুন



## ট্রাম্প-জিনপিং বৈঠক ঘিরে বাণিজ্যযুদ্ধ বিরতির আশা

সূর্যোদয় প্রতিবেদন

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের মধ্যে আসন্ন বৈঠককে ঘিরে যুক্তরাষ্ট্র-চীন বাণিজ্যযুদ্ধে বিরতির আশাবাদ তৈরি হয়েছে। মালয়েশিয়ায় অনুষ্ঠিত আসিয়ান সম্মেলনে অংশগ্রহণ শেষে ট্রাম্প বর্তমানে জাপান সফরে আছেন। জাপান সফর শেষ করে আগামী বৃহস্পতিবার তিনি দক্ষিণ কোরিয়ায়

৩-এর পৃষ্ঠা দেখুন

## সিঙ্গাপুরে ধর্মীয় অনুষ্ঠানে আমির হামজা! আয়োজকের বিরুদ্ধে আদালতের জরিমানা

সূর্যোদয় প্রতিবেদন

সিঙ্গাপুরে বাংলাদেশের বিতর্কিত ইসলামী বক্তা আমির হামজাকে আমন্ত্রণ জানিয়ে ধর্মীয় অনুষ্ঠান আয়োজনের দায়ে এক ব্যবসায়ীকে জরিমানা করেছে স্থানীয় আদালত। দেশটির এক ডরমিটরি অপারেটরের ব্যবস্থাপনা পরিচালক আবদুস সাত্তার (৫১)-কে অনুমতি ছাড়াই গণসমাবেশ আয়োজন ও লাইসেন্স ছাড়া গণবিনোদনের ব্যবস্থা করার অভিযোগে ৭,০০০ সিঙ্গাপুরি ডলার (প্রায় ৫,৪০০ মার্কিন ডলার) জরিমানা করা হয়েছে। আদালত সূত্রে জানা যায়, সাত্তার সিঙ্গাপুরের টেক

২-এর পৃষ্ঠা দেখুন

✨ জামান বস্ত্রালয় ✨

আপনার আস্থার পোশাকের ঠিকানা

সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ

জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক

সালোয়ার–কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু

ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন

💯 ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা

একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!

ঠিকানা: বড়বাজার, মেহেরপুর

যোগাযোগ: 01718 552784, 01673 980044

প্রযুক্তি

## ইউটিউব থেকে উদ্যোক্তা: এক নতুন দিগন্ত

সূর্যোদয় প্রতিবেদন

ইউটিউব এখন এমন এক প্ল্যাটফর্ম, যেখানে লাখ লাখ মানুষ ভিডিও বানিয়ে জীবিকা নির্বাহ করছেন। শুধু যুক্তরাষ্ট্রেই ইউটিউবের মাধ্যমে প্রায় ৫৫ বিলিয়ন ডলার অর্থনীতিতে যোগ হয়েছে এবং প্রায় ৫০ হাজার মানুষ পেয়েছেন ফুলটাইম চাকরি। তবে এখন অনেক জনপ্রিয় ইউটিউবার শুধুই বিজ্ঞাপন বা ব্র্যান্ড ডিলের ওপর নির্ভর করছেন না। কারণ, ইউটিউবের নীতিমালা বা অ্যালগরিদমে পরিবর্তন ঘটলেই আয়ে প্রভাব পড়ে। তাই তাঁরা বিকল্প আয়ের পথ তৈরি করছেন নিজস্ব ব্র্যান্ড, পণ্য বা ব্যবসার মাধ্যমে। জিমি ডোনাল্ডসন, যিনি 'মিস্টারবিস্ট' নামে পরিচিত, ইউটিউব ছাড়িয়ে এখন সফল উদ্যোক্তা। তাঁর চকলেট ব্র্যান্ড 'ফিস্টেবলস' প্রথম তিন দিনেই বিক্রি করে ১ মিলিয়নের বেশি পণ্য। ২০২৪ সালে এর আয় দাঁড়ায় ২৫০ মিলিয়ন ডলার। এ ছাড়া তিনি চালু করেছেন পোশাক ব্র্যান্ড, ফাস্টফুড চেইন, খেলনা কোম্পানি ও



৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।

পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫

মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ

ডাঃ এম.র. মালিক

এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল

রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

ডাঃ কানিজ নাঈমা

এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট

ডাঃ রুমানা হেলালী (জুসি)

এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ

ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন

এমবিবিএস(ডিইউ)

আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট

ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ

এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও

রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়াবেটিক রোগ বিশেষজ্ঞ



এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

ডা: মো: শাহিনুর রশিদ

চিকিৎসা সেবা সমূহ

• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেস্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।

নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।

রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর

সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন রাত মানবিক সেবার নিশ্চয়তা

কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব

মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে (আসিফ প্লাজা ২ য় তলা)

সিরিয়ালের জন্য : ০১৭৫৭-৮২৮২৭৮

ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল



এমবিবিএস,বিসিএস(স্বাস্থ্য) এফ.সি.পি.এস (ইউরোলজি),এম.স (ইউরোলজি)বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন

কিডনী, মুত্রথলী, মুত্রনালী, প্রোস্টেট গ্রান্থি, অন্ডেকোষ, পুরুষ প্রজাননতন্ত ও ফিমেল ইরোলজি বিশেষজ্ঞ ও সার্জন।

রোগী দেখোর সময় : দুপুর ২ টা হতে রাত ৮ টা

শনি ও রবিবার

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।

সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

## খাবারেই মাইগ্রেন নিয়ন্ত্রণ

(শেষ পৃষ্টার পর)

ও খনিজ উপাদান স্নায়ুকে শান্ত রাখে। আদা চা: বমি ভাব ও মাথা ঘোরার মতো উপসর্গে কার্যকর ভূমিকা রাখে। এ ছাড়াও ডার্ক চকলেট, গ্রিন টি বা পুদিনা চা মাইগ্রেনের ব্যথা প্রশমনে সাহায্য করে। চিকিৎসকদের পরামর্শ, কারও যদি দীর্ঘস্থায়ী বা অন্য কোনো স্বাস্থ্য সমস্যা থাকে, তবে খাদ্যাভ্যাসে পরিবর্তন আনার আগে অবশ্যই চিকিৎসকের পরামর্শ নেওয়া উচিত।

## সালাহউদ্দিন

(শেষ পৃষ্টার পর)

"জাতীয় ঐকমত্য কমিশন আজ সরকারের কাছে তাদের সুপারিশ জমা দিয়েছে। তাদের ধন্যবাদ না দিয়ে উপায় নেই অন্তত তারা তাদের প্রক্রিয়া শেষ করতে পেরেছে।"

বিএনপির এই স্থায়ী কমিটির সদস্য অভিযোগ করে বলেন,"যা কিছু প্রস্তাব কমিশনে দেওয়া হয়েছে, যদি তা দেখা হয়, তাহলে স্পষ্ট হবেড় আমরা যে জুলাই জাতীয় সনদে স্বাক্ষর করেছি, তার বাইরে অনেক আদেশ এতে সংযুক্ত করা হয়েছে।" উল্লেখ্য, সম্প্রতি জাতীয় ঐকমত্য কমিশন প্রধান উপদেষ্টার কাছে জুলাই সনদ বাস্তবায়নের চূড়ান্ত সুপারিশ জমা দিয়েছে। তবে বিএনপিসহ কয়েকটি রাজনৈতিক দল এই প্রক্রিয়াকে একতরফা ও বিতর্কিত উদ্যোগ বলে দাবি করছে।

## সতর্ক করলেন তারেক রহমান

(শেষ পৃষ্টার পর)

চেয়ারপারসন খালেদা জিয়া ও নিজের অবস্থান তুলে ধরে দলের প্রতি গভীর ভালোবাসার কথা জানিয়ে মনোনয়নপ্রত্যাশীদের আবেগাপ্লুত করেন তারেক রহমান। তাঁর বক্তব্যে অনেক নেতাই আবেগে কেঁদে ফেলেন এবং দলের প্রয়োজনে যে কোনো ত্যাগ স্বীকারের অঙ্গীকার করেন। তারেক রহমান বলেন, "দলীয় প্রার্থীর বিরুদ্ধে কাজ করা বা কাদা ছোড়াছুড়ি করলে প্রতিপক্ষ সুযোগ পাবে। দলকে ঐক্যবদ্ধ রাখতে সবাইকে দায়িত্বশীল হতে হবে।" সভায় তিনি নেতাদের নির্দেশ দেন, মনোনয়ন পাওয়ার পর কোনো আনন্দ মিছিল, মিষ্টি বিতরণ বা ফুল দেওয়া যাবে না, যাতে দলের ঐক্য নষ্ট না হয়। সংশ্লিষ্ট সূত্র জানায়, আগামী এক সপ্তাহের মধ্যেই ২০০ থেকে ২৫০ আসনে সম্ভাব্য প্রার্থী তালিকা প্রকাশ করা হবে। সভায় বিএনপির স্থায়ী কমিটির সদস্যরা উপস্থিত ছিলেন এবং বক্তব্য দেন। বিকেল ৫টা থেকে শুরু হয়ে রাত পর্যন্ত অনুষ্ঠিত এ মতবিনিময়ে সিলেট বিভাগ থেকে ৬৬ জন, খুলনা বিভাগ থেকে ডজনাধিক নেতা, রাজশাহী বিভাগ থেকে ১০০ জন ও বরিশাল বিভাগ থেকে ৭০ জন মনোনয়নপ্রত্যাশী অংশ নেন। সিলেট বিভাগীয় বিএনপির সাংগঠনিক সম্পাদক জি কে গউছ বলেন, "সভায় জানানো হয়েছে, প্রতিটি আসনে একজন প্রার্থীকে মনোনয়ন দেওয়া হবে। দল ও গণতন্ত্রের স্বার্থে সবাইকে ঐক্যবদ্ধ থাকতে নির্দেশ দিয়েছেন ভারপ্রাপ্ত চেয়ারম্যান।" খুলনা-৪ আসনের মনোনয়নপ্রত্যাশী পারভেজ মল্লিক বলেন, "তারেক রহমান নেতাদের ঐক্যবদ্ধ থেকে ষড়যন্ত্র মোকাবিলায় সতর্ক ও সজাগ থাকার আহ্বান জানিয়েছেন।" সুনামগঞ্জ-১ আসনের মনোনয়নপ্রত্যাশী মাহবুবুর রহমান বলেন, "দল ত্যাগী, পরিশ্রমী ও পরিচ্ছন্ন নেতাদেরই মনোনয়ন দেবে। আমি সেই যোগ্যতার ভিত্তিতেই কাজ করছি।" রাজশাহী বিভাগের সহসাংগঠনিক সম্পাদক আমিরুল ইসলাম খান আলীম বলেন, "যে-ই মনোনয়ন পান না কেন, আমাদের লক্ষ্য একটাইড়ধানের শীষকে বিজয়ী করা।" বরিশাল-৫ আসনের মনোনয়নপ্রত্যাশী আবু নাসের মুহাম্মদ রহমাতুল্লাহ বলেন, "ভারপ্রাপ্ত চেয়ারম্যান আমাদের ঐক্যবদ্ধ থাকতে বলেছেন এবং দেশ ও দলের স্বার্থে একযোগে কাজ করার নির্দেশ দিয়েছেন।" সভা শেষে নেতারা জানান, তারেক রহমানের আবেগপূর্ণ ও দৃঢ় বার্তা তাদের নতুন করে উদ্দীপ্ত করেছে। অনেকেই বলেছেন, "মনোনয়ন না পেলেও দলের জন্য কাজ করে যাব।"

## রিজওয়ানা হাসান

(শেষ পৃষ্টার পর)

তখনই অর্থবহ, যখন তা হবে অন্তর্ভুক্তিমূলক, টেকসই ও প্রকৃতিবান্ধব। ব্যক্তিগত ও পেশাগত জীবনে দায়িত্ববোধ, সততা ও টেকসই চিন্তাধারা জীবনযাপনের মূলনীতি হিসেবে নিতে হবে।" নবীন গ্র্যাজুয়েটদের উদ্দেশে তিনি বলেন, "প্রতিটি পেশা, উদ্ভাবন ও নীতি পৃথিবীকে হয় সুস্থ করতে পারে, নয় ক্ষতিগ্রস্ত করতে পাওে তাই সর্বদা সুস্থতার পথটাই বেছে নাও।" জুলাইয়ের গণ-অভ্যুত্থান প্রসঙ্গে রিজওয়ানা হাসান বলেন, এই প্রজন্মের জীবনযাপন, ভোগ এবং নেতৃত্বের সিদ্ধান্তই নির্ধারণ করবে শুধু তাদের নয়, পুরো পৃথিবীর ভবিষ্যৎ। শব্দদূষণ ও প্লাস্টিক দূষণ রোধেও তরুণদের এগিয়ে আসার আহ্বান জানান তিনি। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন ইউল্যাবের উপাচার্য অধ্যাপক ইমরান রহমান। বক্তব্য রাখেন ইউল্যাব ট্রাস্টি বোর্ডের সদস্য সৈয়দা মাদিহা মুরশেদ, প্রধান বক্তা এপেক্স ফুটওয়্যার লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ নাসিম মানজুর, এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) সদস্য অধ্যাপক ড. মোহাম্মদ আয়ুব ইসলাম। সমাবর্তনে গ্র্যাজুয়েটদের মধ্যে ডিগ্রি, স্বর্ণপদক ও একাডেমিক স্বীকৃতি প্রদান করা হয়।

## ৫৫ বছরেও জাতির শিক্ষাব্যবস্থা

(শেষ পৃষ্টার পর)

আদর্শ জাতি গঠনের জন্য ইসলামী মূল্যবোধভিত্তিক শিক্ষাব্যবস্থা প্রতিষ্ঠা জরুরি। দ্বীনি শিক্ষা ছাড়া প্রকৃত মানুষ তৈরি সম্ভব নয়।" অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সখিপুর থানা যুবদলের সভাপতি মোস্তাক আহমেদ মাসুম বালা। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শরীয়তপুর জেলা বিএনপির সভাপতি, সাবেক সংসদ সদস্য ও মাদ্রাসার প্রতিষ্ঠাতা শফিকুর রহমান কিরন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জামিয়া মোহাম্মদিয়া আরাবিয়া মাদ্রাসার ভাইস প্রিন্সিপাল মাওলানা মোহাম্মদ ফয়সাল এবং জামিয়া আরাবিয়া মাদ্রাসার শাইখুল হাদিস মাওলানা মুফতি জাকির উল্লাহ। অনুষ্ঠানে বক্তারা শিক্ষার মানোন্নয়ন, ইসলামি মূল্যবোধভিত্তিক সমাজ গঠন ও নৈতিক শিক্ষা বিস্তারের ওপর গুরুত্বারোপ করেন। পরে দেশ, জাতি ও মুসলিম উম্মাহর কল্যাণ কামনায় বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়।

## ইউটিউব থেকে উদ্যোক্তা: এক নতুন

(শেষ পৃষ্টার পর)

অ্যানালাইটিকস প্ল্যাটফর্ম সব মিলিয়ে গড়ে তুলেছেন এক বিশাল ব্যবসায়িক নেটওয়ার্ক। ২০১৬ সালে ইউটিউবে জনপ্রিয় হয়ে ওঠা এমা চেম্বারলিন এখন একজন উদ্যোক্তা। তাঁর কফি ব্র্যান্ড 'চেম্বারলেইন কফি' ২০১৯ সালে শুরু হয়ে দ্রুত ছড়িয়ে পড়ে। এখন এটি টার্গেট ও ওয়ালমার্টের মতো বড় দোকানে বিক্রি হয়।

২০২৩ সালে আয় ছিল প্রায় ২০ মিলিয়ন ডলার, যা এ বছর বেড়ে ৩৩ মিলিয়ন ছাড়াবে বলে ধারণা করা হচ্ছে। ইউটিউব তারকা লগান পল এখন রেসলার এবং উদ্যোক্তা। কেএসআইয়ের সঙ্গে চালু করা তাঁর 'প্রাইম' এনার্জি ড্রিংকের বিক্রি ২০২৩ সালে ছাড়িয়েছে ১.২ বিলিয়ন ডলার।

এ ছাড়া তাঁর পোশাক ব্র্যান্ড 'ম্যাভরিক অ্যাপারেল' থেকেও আসে কোটি ডলারের আয়। মাত্র ১৩ বছর বয়সে রায়ান কাজির 'রায়ান'স ওয়ার্ল্ড' চ্যানেল শিশুদের প্রিয় হয়ে উঠেছে। বর্তমানে তাঁর ব্র্যান্ডের খেলনা, পোশাক ও অ্যাপ বিক্রি করে বার্ষিক আয় ২৫০ মিলিয়ন ডলার।

বেকিং টিউটোরিয়ালের জন্য বিখ্যাত রোজানা প্যানসিনো ইউটিউবের বাইরে রান্নার বই ও নিজস্ব ব্র্যান্ড 'নেরডি নিউমিস' থেকে আয় করছেন।

আর মেকআপ গুরু মিশেল ফান ইউটিউব থেকে উঠে এসে গড়েছেন 'ইপসি' ও 'ইএম কসমেটিকস', দুটি সফল বিউটি প্রতিষ্ঠান।

তাঁদের পথ ধরে হুদা কাতানের 'হুদা বিউটি' এখন বিশ্বব্যাপী শত মিলিয়ন ডলারের ব্র্যান্ড।

## অলিনের সেঞ্চুরিতে সিরিজে এগিয়ে

(শেষ পৃষ্টার পর)

পাঁচ ম্যাচের যুব ওয়ানডে সিরিজে ১০ ব্যবধানে এগিয়ে গেল জুনিয়র টাইগাররা। মঙ্গলবার (২৮ অক্টোবর) ডাকওয়ার্থলুইস পদ্ধতিতে নির্ধারিত ম্যাচে প্রথমে ব্যাট করে আফগানিস্তান নির্ধারিত ৫০ ওভারে ৯ উইকেটে তোলে ২৬৫ রান। জবাবে ৪৬ ওভার শেষে আলো স্বল্পতার কারণে খেলা থেমে যায়। তখন ডিএলএস হিসাব অনুযায়ী ৫ রানের জয় পায় বাংলাদেশ। রান তাড়ায় নেমে শুরুতেই ধাক্কা খায় স্বাগতিকরা। দলীয় ১৫ রানের মাথায় দুই ওপেনার আজিজুল হাকিম তামিম ও জাওয়াফ আবরার সাজঘরে ফেরেন। তামিম কোনো রান না করেই আউট হন, আর আবরার ৭ বলে ১০ রান করে উইকেটরক্ষকের হাতে ক্যাচ দেন ওয়াহিদুল্লাহ জাদরানের বলে। তৃতীয় উইকেটে রিফাত বেগের (২৬) সঙ্গে ৪৫ রানের জুটি গড়ে দলের হাল ধরেন অলিন। তবে ইনিংস বড় করতে না পারলে সেই জুটিও ভাঙে। এরপর চতুর্থ উইকেটে রিজান হোসেনকে সঙ্গে নিয়ে ১৩৯ রানের দুর্দান্ত জুটি গড়ে ম্যাচ ঘুরিয়ে দেন অলিন। অলিন ১১৯ বল মোকাবিলায় ১১ চার মেরে খেলেন ১০১ রানের দৃষ্টিনন্দন সেঞ্চুরি ইনিংস। তার বিদায়ের পর রিজান অপরাজিত থেকে দলকে জয়ের বন্দরে পৌঁছে দেন। ৯৬ বলে ৩ ছক্কা ও ২ চারে ৭৫ রানের ইনিংস খেলে ম্যাচসেরার দৌড়ে ছিলেন তিনিও। এর আগে আফগানিস্তান অনূর্ধ্ব১৯ দলের ইনিংসে উজাইরুল্লাহ নিয়াজাই একাই লড়াই করেছেন। ইনিংসের শুরুতে কয়েকটি ছোট জুটি গড়লেও বড় ইনিংস খেলতে পারেননি অন্যরা। উজাইরুল্লাহ ১৩৭ বলে ১৬ চার ও ১ ছক্কায় খেলেন অপরাজিত ১৪০ রানের দুর্দান্ত ইনিংস। বাংলাদেশের হয়ে সবচেয়ে সফল ছিলেন ইকবাল হোসেন ইমন, ১০ ওভারে ৫৭ রান দিয়ে নিয়েছেন ৫ উইকেট। রিজান হোসেন পেয়েছেন ২টি উইকেট। এই জয়ের ফলে ৫ ম্যাচের সিরিজে ১০ ব্যবধানে এগিয়ে গেল বাংলাদেশ অনূর্ধ্ব১৯ দল। সিরিজের দ্বিতীয় ম্যাচ মাঠে গড়াবে আগামী বৃহস্পতিবার একই ভেন্যুতে।

## জোট হলেও নিজ দলের প্রতীকে

(শেষ পৃষ্টার পর)

"আরপিও-তে সম্প্রতি যে সংশোধন হয়েছে, তার অন্যতম অংশ হলো প্রত্যেক রাজনৈতিক দল নিজ দলের প্রতীকেই নির্বাচনে অংশ নেবে। আমরা এই প্রস্তাব সমর্থন করেছি। কিন্তু বিএনপি এ বিষয়ে আপত্তি জানিয়ে ইসিতে প্রস্তাব দিয়েছে, যা খুবই দুঃখজনক।" তিনি আরও বলেন, "নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশন বলেছে, জোট করা যাবে, তবে প্রার্থীকে নিজ দলের প্রতীকেই ভোটে অংশ নিতে হবে। এটি নির্বাচন ব্যবস্থার স্বচ্ছতা ও ভারসাম্য বজায় রাখার জন্য জরুরি। কিন্তু একটি দলের আপত্তি 'লেভেল প্লেয়িং ফিল্ড' ধারণাকে ক্ষুণ্ন করেছে।" জামায়াত নেতার মতে, সংশোধিত আরপিও অনুযায়ী জোট গঠন করা গেলেও প্রার্থী অন্য দলের প্রতীকে ভোট করতে পারবেন না। উপদেষ্টা পরিষদে এই সংশোধন ইতিমধ্যেই অনুমোদিত হয়েছে। উল্লেখ্য, বিএনপি সম্প্রতি ইসিতে লিখিতভাবে জানায়ড়জোটবদ্ধ দলগুলোর প্রার্থীদের একটি অভিন্ন প্রতীকে নির্বাচনে অংশগ্রহণের সুযোগ রাখা উচিত, যাতে ভোটারদের বিভ্রান্তি না হয় এবং জোটের ঐক্য দৃশ্যমান থাকে। রাজনৈতিক বিশ্লেষকদের মতে, এ ইস্যুতে বিএনপি ও জামায়াতের অবস্থান ভিন্ন হওয়ায় আসন্ন নির্বাচনে জোটের কৌশলগত সমন্বয় জটিল হতে পারে।

## ট্রাম্প-জিনপিং বৈঠক ঘিরে বাণিজ্যযুদ্ধ

(শেষ পৃষ্টার পর)

শি জিনপিংয়ের সঙ্গে গুরুত্বপূর্ণ দ্বিপক্ষীয় বৈঠকে বসবেন। এই বৈঠকটি অনুষ্ঠিত হবে এশিয়া-প্যাসিফিক ইকোনমিক কো-অপারেশন (এপেক) সম্মেলনের ফাঁকে। আন্তর্জাতিক কূটনৈতিক মহল মনে করছে, বৈঠকটিই হতে পারে দুই পরাশক্তির মধ্যে দীর্ঘদিনের বাণিজ্যযুদ্ধের অন্তত সাময়িক অবসানের সূচনা। মালয়েশিয়ায় অনুষ্ঠিত আসিয়ান সম্মেলনের সময়ই যুক্তরাষ্ট্র ও চীন সম্ভাব্য বাণিজ্যচুক্তির কাঠামো নিয়ে ঐকমত্যে পৌঁছেছে বলে জানিয়েছেন মার্কিন বাণিজ্যমন্ত্রী স্কট বেসেন্ট। তিনি একে "বাণিজ্যযুদ্ধের বিরতির পথে বড় অগ্রগতি" হিসেবে উল্লেখ করেন। হোয়াইট হাউস সূত্র জানায়, বৃহস্পতিবার ট্রাম্প-শির বৈঠকেই চুক্তিটি চূড়ান্ত হতে পারে। এ বিষয়ে ট্রাম্প বলেন, "প্রেসিডেন্ট শির প্রতি আমার অনেক শ্রদ্ধা আছে। আমি বিশ্বাস করি, আমরা একটি চুক্তি নিয়েই ফিরব।" এদিকে, ব্রাজিলের প্রেসিডেন্ট লুলা দা সিলভা জানিয়েছেন, সম্প্রতি ট্রাম্পের সঙ্গে তাঁর বৈঠকে মার্কিন প্রেসিডেন্ট বাণিজ্যচুক্তির গ্যারান্টি দিয়েছেন। লুলা বলেন, "আমাদের মধ্যে ভালো আলোচনা হয়েছে এবং আমরা দ্রুত একটি চুক্তিতে পৌঁছাতে পারব।" তবে এ বিষয়ে ট্রাম্পের পক্ষ থেকে আনুষ্ঠানিক কোনো মন্তব্য পাওয়া যায়নি।

কুয়ালালামপুরে আসিয়ান সম্মেলনের ফাঁকে ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস. জয়শঙ্কর এবং মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও বৈঠক করেছেন। সাম্প্রতিক সময়ে ভারতের পণ্যে যুক্তরাষ্ট্রের উচ্চ শুল্ক আরোপের প্রেক্ষাপটে এ বৈঠক ঘিরে কূটনৈতিক মহলে কৌতূহল তৈরি হয়েছে। সোমবার এক প্রতিবেদনে এনডিটিভি জানায়, জয়শঙ্কর নিজেই এক্স (সাবেক টুইটার) হ্যান্ডেলে বৈঠকের বিষয়টি নিশ্চিত করে লিখেছেন, "আজ সকালে কুয়ালালামপুরে মার্কো রুবিওর সঙ্গে সাক্ষাৎ করতে পেরে আনন্দিত। দ্বিপক্ষীয় সম্পর্ক, আঞ্চলিক ও বৈশ্বিক ইস্যু নিয়ে আমাদের ফলপ্রসূ আলোচনা হয়েছে।" দক্ষিণ-পূর্ব এশিয়ার বাণিজ্য নিয়ে অনিশ্চয়তা গত রোববার কুয়ালালামপুরে অনুষ্ঠিত ৪৭তম আসিয়ান শীর্ষ সম্মেলনে যোগ দেন প্রেসিডেন্ট ট্রাম্প। সম্মেলনে তিনি বাণিজ্যচুক্তি ও থাইল্যান্ডকম্বোডিয়া যুদ্ধবিরতি চুক্তি তত্ত্বাবধান করেন। তবে মালয়েশিয়া, থাইল্যান্ড, ভিয়েতনাম ও কম্বোডিয়ার সঙ্গে ট্রাম্পের আলোচনায় ট্রান্সশিপমেন্ট ও সেমিকন্ডাক্টর শুল্কসংক্রান্ত জটিলতা নিরসন হয়নি। বিশ্লেষকরা বলছেন, ট্রাম্পের "পরিবর্তনশীল বাণিজ্যনীতি"-এর কারণে দক্ষিণ-পূর্ব এশিয়ার ভবিষ্যৎ বাণিজ্যিক পরিস্থিতি এখনো অনিশ্চিত ও উদ্বেগজনক রয়ে গেছে।

# সালমান শাহ হত্যায় জড়িয়ে অপপ্রচারে মুখ খুললেন শাবনূর

বিনোদন প্রতিবেদক

চিত্রনায়ক সালমান শাহ হত্যা মামলায় নাম জড়িয়ে 'বিভ্রান্তিকর ও ভ্রান্ত তথ্য' প্রচারে ক্ষোভ প্রকাশ করেছেন শাবনূর। সালমানের সবচেয়ে বেশি সিনেমার নায়িকা ছিলেন শাবনূর। সালমানের ক্যারিয়ারে সবচেয়ে সফল নায়িকাও তিনি। বর্তমানে থাকেন অস্ট্রেলিয়ায়। সেখান থেকেই তার নামে ভিত্তিহীন গুজব ও অপপ্রচারের বিরুদ্ধে সরব হয়ে সবাইকে বিরত থাকার অনুরোধ করেছেন তিনি।

নিজের ফেসবুক পেজে এক পোস্টে অভিনেত্রী লিখেছেন, সালমান শাহর অকাল মৃত্যুতে তিনি ব্যক্তিগতভাবে গভীরভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিলেন।

১৯৯৬ সালের ৬ সেপ্টেম্বর ঢাকার ইস্কাটনের ফ্ল্যাটে সালমান শাহর (চৌধুরী মোহাম্মদ শাহরিয়ার ইমন) লাশ পাওয়া যায়। প্রায় ২৯ বছর পর এই ঘটনায় আদালতের নির্দেশে সম্প্রতি একটি হত্যা মামলা করা হয়েছে।

অভিনেত্রী শাবনূর এখন অস্ট্রেলিয়ার সিডনিতে। সেখানে থেকে সংবাদমাধ্যমের বরাতে অভিনেত্রী জেনেছেন, সালমান শাহর মৃত্যুর ঘটনায় আদালতের নির্দেশে ২১ অক্টোবর রমনা থানায় একটি হত্যা মামলা করা হয়েছে।



এরপর থেকে আসামি না হলেও আলোচনায় উঠে এসেছে শাবনূরের নাম। সালমানের সঙ্গে তার অনৈতিক সম্পর্ক নিয়ে অনেক মুখরোচক কথা ছড়ানো হচ্ছে সোশ্যাল মিডিয়ায়। অনেকে সালমান হত্যার সঙ্গে নায়িকাকে জড়িয়েও নানা কথা লিখছেন। এসব নিয়েই ক্ষোভ ঝেড়েছেন তিনি। ফেসবুক পোস্টে শাবনূর বলেন, অনেকেই তার কাছে এ বিষয়ে মন্তব্য জানতে চাইলেও মামলাটি বিচারাধীন থাকায় শুরুতে তিনি কথা বলতে চাননি।


**কিমিয়া ফার্মেসি এন্ড দাওয়াখানা**
হাকীম (ডাঃ) মোঃ মোজাফফর হোসেন (জাফর)
হাকীম (ডাঃ) মিসেস সেলিনা সুলতানা
ঢাকা ইউনানী মেডিকেল কলেজ হতে ইউনানী মেডিসিনের উপর ফাস্ট ক্লাস ডিগ্রী প্রাপ্ত
রোগী দেখার সময়: প্রত্যহ সকাল ৮ টা হইতে সন্ধ্যা ৬টা পর্যন্ত।
বাঁশবাড়িয়া পশ্চিমপাড়া,গাংনী, মেহেরপুর
কুষ্টিয়া টু মেহেরপুর রোডে (গাংনী পৌরসভা পিলারের সামনে)মোবাইলঃ ০১৭১২-৫৩১২৫১, ০১৯৪৭৫২৯৭৭৮

**ভাস্কর ডেন্টাল সার্জারী**
টি এন্ডটি রোর্ড,এশিয়ানেট মোড়, বড়বাজার , মেহেরপুর
ডি,এন ভাস্কর (মানস)
(ডেন্টাল টেকনোলজিস্ট)
ডিএমডিটি (ঢাকা) এমএফটি (ডেন্টাল),
খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল
রোগী দেখার সময় :
সকাল : ৯টা – দুপুর ২টা, বিকাল : ৫টা – রাত ৯টা
(প্রতিদিন খোলা)
০১৬৭১-৫৮৫২৩২, ০১৯২০-৬৯৪৫৩২
অত্যাধুনিক যন্ত্রপাতি জীবাণুমুক্ত পরিবেশসহ দাঁতের চিকিৎসা করা হয়। রুট ক্যানেল , কসমেটিক ফিলিং দাঁত তোলা সহ সকল প্রকার দাঁতের চিকিৎসা করা হয়।

বিশ্বস্ত ও নির্ভরতায়.....সেই ১৯৮৪ সাল থেকে
প্রতিষ্ঠাতাঃ মরহুম বাবর আলী
**মেসার্স আঃ মালেক ষ্টোর এন্ড মিষ্টান্ন ভান্ডার**
ফল, কসমেটিকস্, বেবিফুড, ফাস্টফুড, ফ্রোজেনফুড,বেকারী, জন্মদিনের কেক, মুদি মালামাল, কাঁচা সবজি, মিষ্টি ও দই সামগ্রী বিক্রেতা।
পরিচালনায় ঃ মোঃ আব্দুল মালেক
গাংনী বাজার বাসষ্ট্যান্ড, গাংনী, মেহেরপুর

**নাজ জুয়েলার্স**
হাইস্কুল রোড, গাংনী বাজার, মেহেরপুর
বিশেষ অফার
২১ কে ও ২২ কে স্বর্ণের গহনাগুলো
গ্যারান্টি সহকারে
অনন্য ডিজাইন
সেরা মানের স্বর্ণ
আজই আসুন ও আপনার স্বপ্নের গহনা নির্বাচন করুন!
নাজ জুয়েলার্স – মান ও সৌন্দর্যের প্রতিশ্রুতি
প্রোপাইটার: হাজি মোঃ জাহিদুল আলম
মোবাইল: ০১৯২৩-৮৬২৮৬৯ | ০১৭১৮-৫৬০৩৬৮

**রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল**
ডা: মোসা: নুরুন্নাহার বেগম — এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য) গাইনী ও প্রসূতি চিকিৎসক ও সার্জন উপ-পরিচালক (অবঃ) কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল। রোগী দেখার সময়ঃ প্রতি শনিবার সকাল ১১টা থেকে সন্ধ্যা পর্যন্ত
ডা: বি.ডি দাস (পিকলু) — এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য) সি.এম.ইউ (আল্ট্রাসনো) গাইনী, মহিলা, গর্ভবতী ও সার্জারী রোগের চিকিৎসক। রোগী দেখার সময়ঃ প্রতিদিন বেলা ২:৩০ থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত
ডা:নাজনীন সুলতানা কনা — এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য), সি.সি.ডি (বারডেম), ডি.এম.ইউ এ্যানেস্থেসিয়াতে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত ডি জি ও, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল গাইনী ও প্রসূতি বিশেষজ্ঞ। রোগী দেখার সময়ঃ প্রতি শনিবার সকাল ১১টা থেকে সন্ধ্যা পর্যন্ত
ডা. মো: আব্দুল আল মারুফ — এম.বি.বি.এস (রাজশাহী মেডিকেল কলেজ) বি.সি.এস (স্বাস্থ্য), এফ.সি.পি.এস (শিশু) শেষ পর্ব এম.এস (শিশু সার্জারী) কোর্স-বিএসএমএমইউ সিসিডি (ডায়াবেটিস: বারডেম) পি.জি.পি.এন (শিশু পুষ্টি বোস্টন ইউনিভার্সিটি আমেরিকা) সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল (শিশু বিভাগ)। রোগী দেখার সময়ঃ প্রতি দিন বিকাল ৪.৩০ টা থেকে ৬ টা পর্যন্ত
ডাঃ অমিত কুমার বিশ্বাস — এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য) ডি-অর্থো স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ (মিটফোর্ড হাসপাতাল)। রোগী দেখার সময়ঃ প্রতি বৃহস্পতিবার সকাল ১০টা থেকে বিকাল ৩টা পর্যন্ত
ডা: ইসরাত জেরিন — এম.বি.বি.এস, পি.জি.টি (গাইনী এন্ড অবস্), সি.এম.ইউ (আল্ট্রা) মহিলা ও মেডিসিন রোগের চিকিৎসক আবাসিক মেডিকেল অফিসার। রোগী দেখার সময়ঃ প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা পর্যন্ত
পুষ্টিবিদ: তরিকুল ইসলাম — বি.পি.এইচ (নিউট্রিশন), এম.পি.এইচ (নিউট্রিশন) সি.এম.ইউ (ডি.ইউ), ডি.এম.ইউ (আল্ট্রা) ডিপ্লোমা ইন মেডিকেল ফ্যাকাল্টি রেজি: নং ডি-৭০৮১ (বি.এম এন্ড ডি.সি) পুষ্টি বিশেষজ্ঞ। রোগী দেখার সময়ঃ প্রতিদিন
সিরিয়ালের জন্য যোগাযোগ করুন: মোবাইল: ০১৭৬৬-৪৮৭৪০৯ মোবাইলঃ ০১৭৬৮-৩৭৭১৯১
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।

**নিউ এভারকেয়ার নার্সিং হোম**
চক্রপাড়া মোড়, হুদা হেলথ কেয়ারের ২য় তলা
ওয়াবদা রোড, মেহেরপুর
NEW EVERCARE NURSING HOME
**হট লাইন:** ০১৭৬৩-৬৪৬৬০৩
**ব্যবস্থাপনা পরিচালক:** ০১৭৪৩-৯০৪৩৩৬
**ম্যানেজার (শিমুল):** ০১৩০৪-১৫৬০৮৮৮
**রিসেপশন:** ০১৩০৪-১৫৬০৮৮৮
বিশেষজ্ঞ ডাক্তারবৃন্দ
ডা. সুরাইয়া মারমিন (পুষ্প) — এম.বি.বি.এস (ডিএমসি), বি.সি.এস (স্বাস্থ্য) এফ.সি.পি.এস (গাইনী ও অবস), ডি আল্ট্রা প্রসূতি ও নারী রোগ বিশেষজ্ঞ ও সার্জন।
ডা. মোঃ ফজলুর রহমান — এম.বি.বি.এস (স্বাস্থ্য), এম.এস জেনারেল (সার্জারী) , কনসালট্যান্ট (সার্জারী), ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. পারভীন আখতার — জুনিয়ার কনসালট্যান্ট (গাইনী ও অবস) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা ।
ডা. মোঃ সউদ কবীর — এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), ডি-অর্থ (এফপি) ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. অলোক কুমার দাস — এম.ডি (নোরেল মেডিসিন), রাশিয়া , এম.পি.এইচ (বিডি), বিসিএস (স্বাস্থ্য), এমও বিটি . ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর ।
**আমাদের সেবাসমূহ**
প্রাইভেট ও সাধারণ রোগী সেবা . প্রসূতি ও নারী স্বাস্থ্য ,
সার্জারি ও সাধারণ চিকিৎসা উন্নত ও বন্ধুত্বপূর্ণ পরিবেশ

**নিউ মনা জুয়েলার্স**
অলংকার জগতের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
সাউদিয়া টাওয়ার, কাঁশারী বাজার, মেহেরপুর।
আধুনিক ডিজাইনের স্বর্ণ, রূপা ও হীরার গহনা।
বিশুদ্ধতা ও গুণগত মানে আপসহীন ও অপ্রতিদ্বন্দ্বি
আস্থার সাথে অলংকার কেনা- বেচার নির্ভরযোগ্য ঠিকানা
প্রোপাইটার : হামিদুল ইসলাম
পরিচালনায় : মোস্তাফিজুর রহমান মনা
যোগাযোগ : ০১৭১৬-৫৭০৮৯৩, ০১৯১৯-৫৭০৮৯৩

**বিসমিল্লাহ্ ফামেসী**
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু
সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬

**ত্রয়ী স্টোর এন্ড বুটিকস**
স্টাইলে থাকুন, ট্রাডিশনে ফিরুন!
শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি– ত্রয়ী তে পাওয়া যায় ট্রাডিশন আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!
✓ এক্সক্লুসিভ বুটিক পোশাক
✓ হাতে তৈরি দেশি জামাকাপড়
✓ দেশি-বিদেশী কসমেটিকস
✓ কুকারিজ আইটেম
✓ ইউনিক গিফট আইটেম
✓ কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা
ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে
কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০০৭৯৫

**রাবেয়া মেডিকেল সার্ভিসেস**
(কমপ্লিট মেডিকেল সলিউশন অন জেনারেল হাসপাতাল গেট , মেহেরপুর।
যোগাযোগ : রিসিপশন: ০১৭৫৪৯৭৪৪৬৬ সিরিয়াল: ০১৭২৪-৭৮৭৩১৩ ,
মার্কেটিং অফিসার: ০১৩০৪-১০০৩০৭ , ০১৩০৪-১০০৩০
ডাঃ মোঃ আলাউদ্দিন আল-আজাদ — এমবিবিএস , ডি-অর্থো (সার্জারী ) কনসালটেন্ট অর্থোপেডিক, হাড় জোড়া, ব্যাত ব্যাথা, শিরারোগ বিশেষজ্ঞ। শনিবার থেকে বৃহস্পতিবার বিকেল ৪ টা থেকে সন্ধ্যা ৬.৩০ পর্যন্ত।
ডাঃ বিপুল কুমার বিশ্বাস — সহকারী অধ্যাপক এমবিবিএস, ডিজিও, এফসিপিএস (গাইনী ও অবস) সহকারী অধ্যাপক-গাইনী বিভাগ । বিকাল ৪ টা -৮টা পর্যন্ত, শুক্রবার সকাল ৮টা-২টা
ডাঃ মোঃ ইয়ানুর হোসেন — এমবিবিএস, (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (মেডিসিন), এমডি (কার্ডিওলজি) কনসালটেন্ট মেডিসিন বিভাগ, এডভান্সড ট্রেনিং ইন ইকো-কার্ডিওগ্রাফী (ইন্ডিয়া ) বৃহস্পতিবার বিকাল ৩টা -৮টা শুক্রবার সকাল ৮টা-৮টা।
ডাঃ মোঃ আবুল কাশেম — এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য), এফসিপিএস (ইএনটি), ডিএলও বিএসএমএমইউ)- এক্স-পিজিটি কনসালটেন্ট (ইএনটি), ফেলোশীপ ইন মাইক্রোইয়ার সার্জারী (চেন্নাই, ইন্ডিয়া)। বৃহস্পতিবার বিকাল ৩টা- ৮টা ও শুক্রবার সকাল ৮টা -রাত ৮টা।
ডাঃ মোঃ এমরানুল ইসলাম (আবির) — সহকারী অধ্যাপক এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য), এফসিপিএস(চক্ষু), ডিএলও (বিএসএমএমইউ)-এক্স-পিজি হাসপাতাল। প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে দুপুর ১ টা ।
ডাঃ মোঃ রোকনুজ্জামান — এমবিবিএস(রাজশাহী), এফসিপিএস-শেষ পর্ব (স্কিন এন্ড ভিডি), সি.সি.ডি.পি (ঢাকা মেডিকেল কলেজ) চর্ম, যৌন, এলার্জি ও সেক্স বিশেষজ্ঞ। প্রতি বৃহস্পতিবার সকাল ৮টা - ১১টা।
ডাঃ মোঃ মাহবুবুল আলম (বিপ্লব) — সহকারী অধ্যাপক এমবিবিএস(ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), এমএস (শিশু সার্জারী) ,সহকারী অধ্যাপক প্রতিদিন বিকাল ৪ টা - ৮টা। শুক্রবার সকাল ৮টা - ৮টা
ডাঃ এম এম কবির শাওন — এমবিবিএস, ডি.এল.পি (এ্যাজমা), ডিএমইউ (আল্ট্রাসাউন্ড) এ্যাজমা বিশেষজ্ঞ ও সনোলজিস্ট । প্রতিদিন সকাল ১০ টা -দুপুর ২টা। বিকাল ৪ টা -রাত ৮ টা।
ডাঃ মোঃ আরিফুল ইসলাম — সহকারী অধ্যাপক এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য), এফসিপিএস সার্জারী) কনসালটেন্ট (সার্জারী), এন্ড ল্যাপারো স্কিপ সার্জন। মাসের প্রথম সমবার দুপুর ২টা - ৫টা পর্যন্ত।
ডাঃ মাহবুবা তাজমিলা — এমবিবিএস(ঢাকা), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (শিশু), কনসালটেন্ট (শিশু) । প্রতি শনিবার ও মঙ্গলবার দুপুর ২.৩০ টা - বিকাল ৫টা
ডাঃ মেহেদী হাসান জনি — এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য) এমবিবিএস(ঢাকা), বিসিএস(সা), এমএস (ইউরোলজী) পিজিটি (সার্জারী) প্রতি শুক্রবার সকাল ৯ টা -দুপুর ১ টা।
ডাঃ মোঃ সফিউল আলম — এমবিবিএস, এফসিপিএস(সার্জারী) সহকারী অধ্যাপক (জেনারেল সার্জারী), ল্যাপারোস্কপিক। শুক্রবার সকাল ৯ টা থেকে বিকেল ৫টা।

**আল হায়াত ডায়াগনস্টিক সেন্টার**
চক্রপাড়া মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর।।
সিরিয়াল: ০১৭২২-৭৭৯৫৫০, ০১৭৫৫-৭০৬৪৬৪
ডাঃ আসাদুল্লাহ-আল-গালবি — এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস- মেডিসিন (ফাইনাল পার্ট) মেডিসিন,ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, হাপানি, কোমর ব্যথা ও বাত ব্যথা বিষয়ে অভিজ্ঞ মেডিকেল অফিসার : রাজশাহী মেডিকেল কলেজ। রোগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা
ডাঃএম. এম. জাহিদুল ইসলাম — উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, কোমর ব্যাথা, বাতজ্বর ,হাড় ব্যাথা, হাঁপানি. ডায়াবেটিক ঘা এবং না শুকানো ক্ষত ও পি আর পি চিকিৎসক। রোগী দেখেন : শনি থেকে বুধবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা
ডাঃ আব্দুল্লাহ আল রশিদ — চর্ম ও যৌন রোগে অভিজ্ঞ এমবিবিএস (শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম), সিএমইউ (আল্ট্রা) সহকারী রেজিস্টার, চর্ম ও যৌন বিভাগ কুষ্টিয়া মেডিকেল কলেজ। রোগী দেখেন : প্রতি সোমবার দুপুর ২.৩০ টা থেকে বিকাল ৫ টা
ডাঃ সাজিয়া আফরিন — গাইনী, প্রসুতি, স্ত্রী রোগের চিকিৎসক ও সার্জন এমবিবিএস (ডিইউ) সিসিডি (বারডেম) ডিএমইউ (সনোলজি) ডিজিও (কোর্স-গাইনী এন্ড অবস) গাইনী(স্ত্রী রোগ) ও প্রসুতি বিদ্যা চিকিৎসক এবং সার্জন। রোগী দেখেন : প্রতি বৃহস্পতিবার বিকাল ৫ টা থেকে রাত ৮ টা পর্যন্ত, প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে রাত ৮ টা পর্যন্ত

**নিউ স্কায়ার ল্যাব**
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর : ০১৮৫৮-৯৫৬৯৩৩
ডাঃ মোঃ মাহফুজুল হক সরকার — মেডিসিন, নিউরো,বক্ষব্যাধি,ডায়াবেটিস,গ্যাস্টলিভার,ব্যাতব্যাথা ও মনোরোগ চিকিৎসক এমবিবিএস(আরইউ),ডিএফএম(বিসিএমইউ),এফসিপিএস পার্ট- ১, পিজিটি(মেডিসিন), সিসিডি(বারডেম), রুগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯ টা হইতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির — মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্ত চাপ,ব্যাত ব্যাথা, ডায়াবেটিস,লিভার ও জন্ডিস রোগ চিকিৎসক এমবিবিএস(ঢাকা) সিসিড বারডেম, সিএমইউ(আল্ট্রা) রুগী দেখেন :প্রতিদিন সকাল ১০ টা হইতে দুপুর ২টা, বিকাল ৩ ট হতে রাত্রী ৮ টা।
ডাঃ তাসমেরী নাহার — স্ত্রী, প্রসুতি ও গাইনী রোগ চিকিৎসক , এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) রুগী দেখেন : প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ মোঃ মঞ্জুরুল হাসান — মেডিসিন, বাত ব্যথা, মাথা ব্যাথা, বক্ষব্যাধি, হাত-পা জ্বালাপোড়া, চর্ম ও যৌন রোগের চিকিৎসক এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য), মেডিকেল অফিসার রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ ফরহাদ পারভেজ — মেডিসিন, বাতজ¦র,উচ্চ রক্তচাপ, ব্যাত ব্যাথা রোগের চিকিৎসক নি:সন্তান, বন্ধ্যাত্ব,গর্ভকালীন বিভিন্ন সমস্যা, শিশু ও গাইনী রোগের চিকিৎসক রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, বুধবার, ২৯ অক্টোবর ২০২৫ ইং

## ঘাসফড়িংয়ের আক্রমণে কৃষকের সর্বনাশ

মেহেরপুরের গাংনী উপজেলার দেবীপুর ও তেরাইল এলাকায় ঘাসফড়িংয়ের আক্রমণে কৃষকের মাঠভরা ধান একেবারে নিশ্চিহ্ন হয়ে গেছে এ খবর অত্যন্ত উদ্বেগজনক। দেড় বিঘা জমির সব ধান হারিয়ে কৃষক মিরাজুল ইসলামের মতো বহু চাষি এখন দিশেহারা। কীটনাশক ব্যবহার করেও কোনো কাজ হয়নি। অনেক কৃষক অভিযোগ করেছেন, কৃষি অফিস থেকেও সঠিক নির্দেশনা মেলেনি। আমরা জানি, ঘাসফড়িংয়ের আক্রমণ আমাদের দেশে নতুন নয়, তবে সাম্প্রতিক বছরগুলোতে এর প্রকোপ বেড়েছে আশঙ্কাজনক হারে। জলবায়ু পরিবর্তনের প্রভাবে পোকামাকড়ের বংশবৃদ্ধি দ্রুত ঘটছে, অথচ কৃষি বিভাগ যথাযথ প্রস্তুতি নিতে পারছে না। এর সঙ্গে যুক্ত হয়েছে ভেজাল কীটনাশকের দাপট। কৃষকরা যে কীটনাশক ব্যবহার করছেন, তার বেশিরভাগই অকার্যকর বা নিম্নমানের ফলে ফসল রক্ষা তো দূরের কথা, ক্ষতি আরও বাড়ছে। গাংনীর ঘটনাটি শুধু একটি এলাকার নয়, এটি পুরো কৃষি ব্যবস্থার দুর্বলতা ও অব্যবস্থাপনার প্রতিফলন। কৃষি সম্প্রসারণ কর্মকর্তারা যদি মাঠপর্যায়ে সময়মতো সঠিক পরামর্শ ও সহায়তা দিতেন, তবে ক্ষতির পরিমাণ এতটা হতো না। কৃষকেরা বারবার বলছেন "পরামর্শ ঠিকভাবে পেলে আমরা বাঁচতে পারতাম।" এই কথাই বাস্তবতা তুলে ধরে। কৃষি বিভাগকে এখনই মাঠপর্যায়ে সক্রিয় হতে হবে। ভেজাল কীটনাশক নিয়ন্ত্রণে কঠোর অভিযান চালাতে হবে এবং দ্রুত প্রতিকারমূলক ব্যবস্থা নিতে হবে। একই সঙ্গে স্থানীয় পর্যায়ের কৃষকদের সঠিক প্রশিক্ষণ ও তথ্যপ্রবাহ নিশ্চিত করতে হবে। বাংলাদেশের খাদ্য নিরাপত্তা টিকিয়ে রাখতে হলে কৃষককে রক্ষা করতে হবে। ঘাসফড়িংয়ের আক্রমণ আমাদের জন্য সতর্কবার্তাড়এটি দেখিয়ে দিচ্ছে, কৃষি ব্যবস্থায় কোথায় ঘাটতি আছে। এখনই ব্যবস্থা না নিলে পরবর্তী মৌসুমে এই সংকট আরও ভয়াবহ রূপ নিতে পারে।

## বিষে ভরা থালা

আবুল কাসেম অনুরাগী



সন্ধ্যার পর থেকেই রাশেদের শরীরে অস্থিরতা। মাথা ঝিমঝিম করছে, শ্বাস নিতে কষ্ট, ঘাড়ে হালকা ব্যথা। মাও বললেন, তাঁরও বুক জ্বলছে। একটু ভাবতেই রাশেদের মনে পড়ল আজ বিকেলে বাজার থেকে আনা তরমুজ আর বাঙ্গি শুধু পানি দিয়ে ধোয়া হয়েছিল, ভিজিয়ে রাখা হয়নি। অর্থাৎ ফরমালিন মেশানো ফলই খাওয়া হয়েছে! খাদ্যে ভেজাল এখন বাংলাদেশের ভয়ংকরতম সমস্যা। বাজারের প্রতিটি স্তরে চলছে বিষ মেশানোর প্রতিযোগিতা। পত্রিকায় প্রকাশিত প্রতিবেদনে দেখা যায়, ২০২৩-২৪ অর্থবছরে শিল্পখাতে ৫৫ টন ফরমালিনের প্রয়োজন থাকলেও আমদানি হয়েছে ২৫৫ টন। অতিরিক্ত ফরমালিন গেছে কোথায়? সোজা মানুষের পেটে! ফলাফল ভয়াবহ। প্রতিবছর লাখ লাখ মানুষ ভেজাল খাদ্যে বিষক্রিয়ায় আক্রান্ত হচ্ছে। কেউ ডায়াবেটিসে, কেউ কিডনির রোগে, কেউ ক্যান্সারে। সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে শিশু ও গর্ভবতী নারী। বাজারে শিশু খাদ্যের ৯৫ ভাগই ভেজাল। বিভিন্ন কৃত্রিম রঙ ও ফ্লেভার মিশিয়ে তৈরি হচ্ছে জুস, জেলি, বিস্কুট যেগুলো শিশুর শরীরে বিষ ঢুকিয়ে দিচ্ছে ধীরে ধীরে। ফার্মের মুরগির খাবারে আর্সেনিক, মাছের খাবারে মুরগির বর্জ্য, শুঁটকিতে কীটনাশক সবই চলছে প্রকাশ্যে। একবার কীটনাশক শরীরে ঢুকলে তা আর বের হয় না। ধীরে ধীরে ক্ষয়ে যায় অস্থিমজ্জা, দুর্বল হয়ে পড়ে রোগপ্রতিরোধ ক্ষমতা। বাজারে ফলও নিরাপদ নয়। আম, লিচু, তরমুজ, বাঙ্গিড়সবকিছুতেই রাসায়নিক ব্যবহার। শুধু লিচুতে ২৩ রকমের রাসায়নিক মেশানো হয় বলে জানা যায়। জাতীয় জনস্বাস্থ্য ইনস্টিটিউটের এক জরিপে দেখা গেছে, পরীক্ষাকৃত ৪৩টি খাদ্যপণ্যের ৪০ ভাগই ভেজাল। এর মধ্যে ১৩টি পণ্যে ভেজালের হার প্রায় শতভাগ। আইন আছে, শাস্তির বিধানও আছে। বিশেষ ক্ষমতা আইন অনুযায়ী ভেজাল খাদ্য বিক্রিতে মৃত্যুদণ্ড পর্যন্ত হতে পারে। কিন্তু বাস্তবে শাস্তির নজির নেই বললেই চলে। অসাধু ব্যবসায়ী-রা থেকে যাচ্ছে ধরাছোঁয়ার বাইরে। এ অবস্থা চলতে থাকলে আমরা একদিন 'রোগের দেশ' হয়ে পড়ব। এখনই প্রতিরোধে নামতে হবে। লিটমাস ট্রিপ ব্যবহার করে ফরমালিন পরীক্ষা, ছাদ কৃষি, ঘরে তৈরি খাবারের প্রচলনড়এসব উদ্যোগ নিতে হবে ব্যক্তি পর্যায়ে। পাশাপাশি সরকারের কঠোর নজরদারি ও আইনের সমন্বয় জরুরি। খাদ্যে ভেজাল শুধু অপরাধ নয়, এটি জাতির অস্তিত্বের ওপর আঘাত। তাই সময় এসেছে সবাইকে একসঙ্গে দাঁড়ানোর নিরাপদ খাদ্যের দাবিতে। (লেখক: শিক্ষাবীদ ও প্রকাশক আমাদের সূর্যোদয়)

## স্ত্রীর সঙ্গে উত্তম আচরণ: মুমিনের পরিচয়

আহমাদ বিন হামিদ

মানুষের অর্ধেক অংশ নারী। কন্যা, বোন, স্ত্রী ও মা হিসেবে তাদের প্রভাব জীবনের প্রতিটি ধাপে অপরিসীম। তাই ইসলামে নারীর সঙ্গে সদ্ব্যবহারের বিশেষ গুরুত্ব রয়েছে। আল্লাহ তাআলা কোরআনে বলেন: "তোমরা তাদের সঙ্গে সৌহার্দ্যপূর্ণভাবে জীবনযাপন করো।"
এটি শুধু নারীর ভরণপোষণের দায়িত্ব নয়, হৃদ্যতা, স্নেহ ও সম্মানের আচরণের নির্দেশও বটে। নবী করিম (সা.) বলেছেন: "তোমাদের মধ্যে উত্তম সেই, যে তার পরিবারের কাছে উত্তম। আর আমি আমার পরিবারের কাছে উত্তম।" ইসলামের আগমনের আগে আরব সমাজে নারীর মর্যাদা ছিল না। কন্যাসন্তানকে জীবন্ত কবর দেওয়া হতো। ইসলাম নারীদের সম্মান, অধিকার ও নিরাপত্তা দিয়েছে। শিক্ষা, উত্তরাধিকার ও মতামতের ক্ষেত্রেও নারীর অধিকার নিশ্চিত হয়েছে। রাসুলুল্লাহ (সা.) নারীদের কাচের সঙ্গে তুলনা করেছেন। কাচ যেমন ভঙ্গুর, তেমনি নারীর মনও কোমল। তিনি বলেন: "নারীকে পাঁজরের হাড় থেকে সৃষ্টি করা হয়েছে। তুমি যদি তা সোজা করতে চাও, তা ভেঙে যাবে; ছেড়ে দিলে বাঁকাই থাকবে। তাই তাদের সদুপদেশ দাও।" একজন মুমিন পুরুষের উচিত নারীর সঙ্গে কোমল ভাষায় কথা বলা, তার মতামতকে গুরুত্ব দেওয়া এবং মানসিক প্রশান্তি দেওয়া। স্ত্রীকে জীবনের সহযাত্রী হিসেবে দেখা এবং তার সঙ্গে উত্তম আচরণ করা হলো সত্যিকারের মুমিনের চিহ্ন।

## হাজারো জনতার অশ্রুসিক্ত বিদায়

(প্রথম পৃষ্টার পর)
দুঃসময়ে সংগঠন টিকিয়ে রাখতে নিরলস ভূমিকা রাখায় স্থানীয়ভাবে তাঁকে 'আওয়ামী লীগের বটবৃক্ষ' বলা হতো।রাজনীতির পাশাপাশি ব্যবসা ও সমাজসেবায়ও তাঁর ছিল সমান অবদান। তিনি হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সাবেক সভাপতি, মেহেরপুর চেম্বর এন্ড কমার্সের সভাপতি, রেড ক্রিসেন্টের সাবেক সভাপতি, বাস-মিনিবাস মালিক সমিতির সাবেক সাধারণ সম্পাদক এবং ট্রাক মালিক সমিতির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন। এছাড়াও তিনি বিভিণ্ন সামাজিক কর্মকান্ডের সাথে জড়িত ছিলেন। ২০২৪ সালের ৫ আগস্ট আওয়ামী সরকারের পতনের পর তাঁর বিরুদ্ধে হত্যা ও নাশকতাসহ একাধিক মামলা হয়। এরপর থেকেই তিনি ঢাকায় অবস্থান করছিলেন বলে পারিবারিক সূত্র জানিয়েছে। হাজী গোলাম রসুলের মৃত্যুতে মেহেরপুর জুড়ে নেমে এসেছে শোকের ছায়া। আওয়ামী লীগ, চেম্বার অব কমার্স, ব্যবসায়ী সমাজসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও পেশাজীবী সংগঠন গভীর শোক ও সমবেদনা জানিয়েছে। জানাজা শেষে অনেকেই জানান, "হাজী গোলাম রসুল ছিলেন মেহেরপুরের রাজনীতি ও সমাজসেবার এক উজ্জ্বল নক্ষত্র। তাঁর মতো নিবেদিত মানুষ সহজে পাওয়া যায় না।" মরহুমের জানাজায় মেহেরপুর জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান অ্যাড মিয়াজান আলী, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম. এ. খালেক, যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহিন, সহ-সভাপতি আব্দুল মান্নান, পৌর আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক আক্কাস আলী, মরহুমের ভাই লিজ্জু, ছেলে হাসানসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংগঠনের নেতা-কর্মী, সাংবাদিকসহ সর্বস্তরের মানুষ অংশ নেন। মৃত্যু কালে তিনি স্ত্রী, এক পুত্র, এক কন্যাসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

## অন্ধ্র উপকূলে ধেয়ে আসছে ঘূর্ণিঝড়

(প্রথম পৃষ্টার পর)
কিলোমিটার এবং কাকিনাডা থেকে ৪৫০ কিলোমিটার দূরে অবস্থান করছে। এটি ঘণ্টায় প্রায় ১৫ কিলোমিটার বেগে উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হচ্ছে। উপকূলীয় অন্ধ্রপ্রদেশে ইতোমধ্যে প্রবল বৃষ্টি ও দমকা হাওয়া শুরু হয়েছে। পুরো অঞ্চলকে রেড অ্যালার্টে রাখা হয়েছে। অন্ধ্রপ্রদেশের মুখ্যমন্ত্রী এন. চন্দ্রবাবু নাইডু রাজ্য সচিবালয়ের রিয়েল টাইম গভর্নেন্স সেন্টার থেকে পরিস্থিতি পর্যবেক্ষণ করছেন। তিনি জানিয়েছেন, প্রশাসন যেকোনও পরিস্থিতি মোকাবিলায় প্রস্তুত। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি মুখ্যমন্ত্রীর সঙ্গে টেলিফোনে কথা বলেছেন এবং রাজ্যকে সব ধরনের সহায়তা দেওয়ার আশ্বাস দিয়েছেন। এনডিআরএফ-এর ২২টি দল মোতায়েন করা হয়েছে অন্ধ্রপ্রদেশ, ওড়িশা, পুদুচেরি, তামিলনাড়ু ও ছত্তিশগড়ে। কর্মকর্তারা জানিয়েছেন, ঘূর্ণিঝড়টি অন্ধ্রপ্রদেশের ১,৪১৯টি গ্রাম ও ৪৪টি শহরকে প্রভাবিত করতে পারে। উপকূলীয় এলাকা থেকে মানুষকে ত্রাণকেন্দ্রে সরিয়ে নেওয়া হচ্ছে এবং সবাইকে ঘরের ভেতরে থাকতে নির্দেশ দেওয়া হয়েছে। সাগরে উত্তাল ঢেউ ও জলোচ্ছ্বাসের আশঙ্কায় মৎস্যজীবীদের সমুদ্রে না যেতে কঠোরভাবে নিষেধ করা হয়েছে। উপকূলীয় সকল সৈকত পর্যটকদের জন্য বন্ধ ঘোষণা করেছে প্রশাসন। অন্যদিকে, ওড়িশা সরকার ঝুঁকিপূর্ণ এলাকা থেকে মানুষ সরিয়ে নেওয়ার কাজ শুরু করেছে। রাজ্যের দক্ষিণের আটটি জেলায় রেড অ্যালার্ট জারি করা হয়েছে। ইতোমধ্যে সেখানে হালকা বৃষ্টি শুরু হয়েছে। সম্ভাব্য পথ পরিবর্তনের আশঙ্কায় সব জেলা প্রশাসনকে সর্বোচ্চ সতর্ক থাকতে নির্দেশ দেওয়া হয়েছে। আবহাওয়া দফতরের সর্বশেষ সতর্কতা অনুযায়ী, ঘূর্ণিঝড়টি স্থলভাগে প্রবেশের পর প্রবল বৃষ্টিপাত ও ঝড়ো বাতাসের কারণে নিম্নাঞ্চলে বন্যা ও বিদ্যুৎ বিপর্যয়ের আশঙ্কা রয়েছে।

## গাংনীতে আইন অমান্য করে চলছে

(প্রথম পৃষ্টার পর)
সাহেব এ কাজ করছেন। এতে আশপাশের মাটি সরে গিয়ে পাশের বাড়িগুলোর পাড়ে ফাটল দেখা দিয়েছে। প্রতিদিন ফাটল আরও বড় হচ্ছে। ফলে যে কোনো সময় ঘরবাড়ি ভেঙে পড়ে বড় দুর্ঘটনা ঘটতে পারে বলে আশঙ্কা করছেন ভুক্তভোগীরা। এভাবে পুকুর খনন করা রাষ্ট্রীয় আইন লঙ্ঘন। এটি প্রতিকার করার দায়িত্ব রাষ্ট্রের (উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. নাবিদ হোসেন)। তিনি কোনো ব্যবস্থা নিচ্ছেন না এটা বোধগম্য নয়। কোনো আর্থিক লেনদেন আছে কি না, তা খতিয়ে দেখা দরকার। ভুক্তভোগী হাসান আলী বলেন, "বাপ-দাদার পৈতৃক জমিতে বহু বছর ধরে বসবাস করছি। কিন্তু সাহেব তার টাকা-পয়সা ও প্রভাব খাটিয়ে জোর করে বসতবাড়ির পাশে ভেকু দিয়ে পুকুর খনন করছে। এতে পাড়ের নিচের দিকটা ফাঁপা হয়ে গেছে। এখন সামান্য বৃষ্টি বা কম্পনে পাড় ধসে পড়ে ঘরবাড়ি পুকুরে বিলীন হতে পারে। আমরা পরিবারসহ চরম আতঙ্কে আছি।" পুকুরের মালিক আব্দুল কুদ্দুস বলেন, "এটি আমার বাপ-দাদার পৈতৃক সম্পত্তি। আমার পুকুর আমি খনন করব, এর জন্য সরকারের কাছ থেকে লিখিত অনুমতি নেওয়ার প্রয়োজন নেই।" এ বিষয়ে কাথুলী ইউনিয়নের ভূমি কর্মকর্তা উজ্জ্বল হোসেন বলেন, "ঘটনাস্থল পরিদর্শন করেছি। পুকুর খননের জন্য তাদের কোনো অনুমতি ছিল না। তাই অবিলম্বে কাজ বন্ধ করে প্রয়োজনীয় অনুমতি নিতে নির্দেশ দেওয়া হয়েছে।"
গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. নাবিদ হোসেন বলেন, "ভুক্তভোগী পরিবারগুলোকে লিখিত অভিযোগ দেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে। অভিযোগ পাওয়া গেলে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।"

## মাদক সেবীর দুই মাসের কারাদণ্ড

(প্রথম পৃষ্টার পর)
অভিযান চালিয়ে দুইজনকে ২ গ্রাম হেরোইনসহ আটক করা হয়। পরে ঘটনাস্থলেই ভ্রাম্যমাণ আদালতে তাদের দোষ স্বীকারের ভিত্তিতে দুই মাসের জেল ও ১০০ টাকা করে জরিমানা প্রদান করা হয়। অভিযানকালে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তারা জানান, সমাজ থেকে মাদক নির্মূলে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

## দুই মামলায় দুই আসামির কারাদণ্ড

(প্রথম পৃষ্টার পর)
ছিলেন দলিলের সাক্ষী। পরবর্তীতে তিনি ওই জমির একটি অংশ দখল করে জাল দলিল তৈরি করে নিজেকে ক্রেতা দাবি করেন। তদন্তে দলিলটি জাল প্রমাণিত হলে বাদীর করা মামলায় আদালত তার বিরুদ্ধে এই দণ্ডাদেশ দেন। অন্যদিকে, মাদক মামলায় আসামি মো. কবিরুল ইসলামকে ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) ধারার ১৪(ক) উপধারায় দোষী সাব্যস্ত করে এক বছরের কারাদণ্ড ও ১০ হাজার টাকা জরিমানা, অনাদায়ে ৩০ দিনের কারাদণ্ড প্রদান করা হয়। মামলার এজাহার সূত্রে জানা যায়, ২০২০ সালের ২৫ ফেব্রুয়ারি বিকেলে জেলা গোয়েন্দা শাখার এসআই মেজবাহুর রহমানের নেতৃত্বে অভিযান চালিয়ে গাংনী উপজেলার গাঁড়াডোব বাজার এলাকা থেকে কবিরুল ইসলামকে ৫ বোতল ফেনসিডিলসহ আটক করা হয়। পরে তার বিরুদ্ধে গাংনী থানায় মামলা দায়ের করা হয়। রায় ঘোষনার পর তাদের জেল পাঠানো হয়েছে।

## যুবদলের প্রতিষ্ঠা বার্ষিকীতে মিছিল ও

(প্রথম পৃষ্টার পর)
কাথুলি বাস স্ট্যান্ডে গিয়ে শেষ হয়। এর আগে সেখানে সমাবেশ করা হয়। সাবেক ছাত্রনেতা আহমেদ রাজিব খানের পরিচালনায় সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা যুবদলের সভাপতি জাইদুল হক জাহিদ। সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন পৌর বিএনপি'র সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন পৌর যুবদলের আহবায়ক ছামিউল ইসলাম লিজন, সদস্য সচিব নওশেদ আহমেদ রনি, কুতুবপুর ইউনিয়ন যুবদলের সভাপতি শামীম হোসেন, সদর উপজেলা যুবদলের সদস্য সচিব কামরুজ্জামান বিপ্লব প্রমুখ। এ সময় উপস্থিত ছিলেন জেলা যুবদলের সহসভাপতি বাবু সাবের, যুগ্ম সহ-সাধারণ সম্পাদক সাইদুর সুজন, মুজিবনগর উপজেলা যুবদলের আহ্বায়ক আবুল হাসান, যুগ্ম আহবায়ক খোরশেদ আলম, জেলা যুবদলের সিনিয়র যুগ্ম সম্পাদক মেহেদী হাসান রোকন, স্বাস্থ্য বিষয়ক সম্পাদক ইসমাইল হোসেন সহ জেলা যুবদলের নেতৃবৃন্দ।

## নবনির্মিত ব্যাডমিন্টন কোর্টের

(প্রথম পৃষ্টার পর)
কর্মকর্তা মনিরুজ্জামান ও প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সাইদুর রহমান। এছাড়া উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারীরাও অনুষ্ঠানে যোগ দেন। জেলা প্রশাসক ড. আবদুল ছালাম বলেন, "তরুণ প্রজন্মকে মাদক থেকে দূরে রেখে খেলাধুলার মাধ্যমে গড়ে তোলাই আমাদের লক্ষ্য। এ ধরনের ক্রীড়া অবকাঠামো তরুণদের শারীরিক ও মানসিক বিকাশে ইতিবাচক ভূমিকা রাখবে।" উদ্বোধন শেষে জেলা প্রশাসক ও অতিথিরা প্রতীকী খেলার মাধ্যমে ব্যাডমিন্টন কোর্টের আনুষ্ঠানিক কার্যক্রমের সূচনা করেন।

## গাংনীতে স্কুলছাত্রের আত্মহত্যা

(প্রথম পৃষ্টার পর)
বিষণ্নতা বা মানসিক চাপে আপন আত্মহত্যার পথ বেছে নিতে পারে। গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বানী ইসরাইল জানান, খবর পেয়ে পুলিশের একটি দল ঘটনাস্থলে গিয়ে তদন্ত শুরু করেছে। মৃত্যুর কারণ উদঘাটনে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে।

## মেহেরপুরে পল্টন ট্র্যাজেডি দিবস

(প্রথম পৃষ্টার পর)
আমির মাওলানা মাহবুবল উল আলমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আমির মাওলানা তাজউদ্দিন খান। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, "২০০৬ সালের ২৮ অক্টোবর হাজারো মানুষকে গুম ও হত্যা করে লাশের উপর নাচের যে বিভীষিকাময় দৃশ্য সৃষ্টি করা হয়েছিল, তা গোটা বিশ্বকে হতবাক করেছিল। এ দেশের মানুষ এমন জঘন্য ঘটনার পুনরাবৃত্তি দেখতে চায় না। আগামী দিনে জামায়াতে ইসলামী রাষ্ট্রক্ষমতায় আসলে মেহেরপুরবাসীসহ সমগ্র দেশের মানুষ নিরাপদ থাকবে।" অনুষ্ঠানে জেলা জামায়াতের সেক্রেটারি ইকবাল হোসাইনের সঞ্চালনায় বক্তব্য রাখেন জেলা জামায়াতের রাজনৈতিক সেক্রেটারি রুহুল, জেলা ছাত্র শিবির সভাপতি আব্দুস সালাম, সদর উপজেলা আমির মাওলানা সোহেল রানা, উপজেলা সেক্রেটারি জব্বারুল ইসলাম, মুজিবনগর উপজেলা আমির মাওলানা খান জাহান আলী এবং পৌর আমির সোহেল রানা ডলার। বিক্ষোভ সমাবেশ শেষে ২০০৬ সালের ২৮ অক্টোবর নিহতদের রুহের মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া পরিচালনা করা হয়।

## পুলিশের দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ

(প্রথম পৃষ্টার পর)
বিভিন্ন ইউনিট থেকে ৫০ জন পুলিশ সদস্য অংশগ্রহণ করেন, যারা কনস্টেবল থেকে পুলিশ পরিদর্শক পর্যন্ত পদমর্যাদার। অনুষ্ঠানে অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ), অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস্), অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) এবং প্রশিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। কর্মশালার মাধ্যমে পুলিশ সদস্যদের নির্বাচনি দায়িত্ব পালনে দক্ষতা ও প্রস্তুতি আরও শক্তিশালী করার লক্ষ্য রাখা হয়েছে।

## সড়ক দুর্ঘটনায় ৩ জন আহত

(প্রথম পৃষ্টার পর)
পাশে ছিটকে পড়েন। মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সদস্যরা দ্রুত ঘটনাস্থল থেকে আহতদের উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেন। আহতরা হলেন মাহাফুজ (সদর, রায়পুর গ্রামের মনিরুল ইসলামের ছেলে), রায়হান (আব্দুর রাজ্জাকের ছেলে) এবং সাদিয়া (সোহেল রানার মেয়ে)।

## রবি মৌসুমের শাকসবজি প্রণোদনা

(প্রথম পৃষ্টার পর)
মনিরুজ্জামান। বিশেষ অতিথি ছিলেন উপজেলা কৃষি উপসহকারী কর্মকর্তা জাকারিয়া পারভেজ, লাইলাতুল ফেরদৌস, ঈমান আলী ও তৌহিদুল ইসলাম। অন্যদিকে, একইদিন সকাল ১১টার দিকে গাংনী উপজেলা পরিষদ প্রাঙ্গণে প্রণোদনা বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাবিদ হোসেন। সভাপতিত্ব করেন উপজেলা কৃষি কর্মকর্তা ইমরান হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ড. মোত্তালেব আলী।
কৃষি অফিস সূত্রে জানা গেছে, সদর উপজেলায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বসতবাড়িতে চাষযোগ্য শীতকালীন শাকসবজির বীজ এবং মাঠে চাষযোগ্য আগাম ফসল লাউ, বেগুন, মিষ্টি কুমড়া ও শসার বীজসহ প্রয়োজনীয় রাসায়নিক সার বিতরণ করা হয়। অপরদিকে গাংনী উপজেলায় চলতি রবি মৌসুমে ৩৫০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বেগুন, পালং শাক, লাল শাক, মটরশুটি, লাউ, মুলা ও বাটি শাকের বীজ বিতরণ করা হয়েছে। পাশাপাশি মাঠে আগাম সবজি চাষে ৬১০ জন কৃষককে লাউ, বেগুন, মিষ্টি কুমড়া ও শসার বীজসহ ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার প্রদান করা হয়। কৃষি বিভাগ জানায়, রবি মৌসুমে প্রণোদনা কর্মসূচির মাধ্যমে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের উৎসাহিত করে শাকসবজির উৎপাদন বৃদ্ধি ও খাদ্য নিরাপত্তা নিশ্চিত করাই এ উদ্যোগের মূল লক্ষ্য।

## সদর উপজেলা গোল্ড কাপ ফুটবলে

(প্রথম পৃষ্টার পর)
দ্বিতীয় গোল করেন। দ্বিতীয়ার্ধের ১৩ মিনিটে কুতুবপুরের পক্ষে রহমান একটি গোল ফেরত আনে। বিজয়ী দলের সজিবকে ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত করা হয়। পুরস্কার প্রদান করেন সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খাইরুল ইসলাম।

## সিঙ্গাপুরে ধর্মীয় অনুষ্ঠানে আমির

(শেষ পৃষ্টার পর)
পার্ক ক্রিসেন্ট এলাকায় ল্যান্টানা লজ নামে একটি বিদেশি শ্রমিকদের ডরমিটরি পরিচালনা করেন। তিনি এসবিএম ইলেকট্রিক্যাল অ্যান্ড অটোমেশন প্রতিষ্ঠানেরও ব্যবস্থাপনা পরিচালক। ডেপুটি পাবলিক প্রসিকিউটর শেলডন লিম আদালতে জানান, গত জুলাই মাসে সাত্তার বাংলাদেশের জনপ্রিয় ইসলামী বক্তা আমির হামজাকে বার্তা পাঠিয়ে ধর্মীয় অনুষ্ঠানে অংশ নিতে আমন্ত্রণ জানান। ওই অনুষ্ঠানে প্রায় ৬০০ বিদেশি শ্রমিক অংশ নেন। প্রসিকিউশন পক্ষের দাবি, আমির হামজার বক্তৃতায় বিদ্বেষ ছড়ানোর ও উগ্রপন্থা উৎসাহিত করার আশঙ্কা ছিল। উল্লেখ্য, ২০২১ সালে বাংলাদেশ সরকার তাকে সন্ত্রাসবাদ-সম্পর্কিত কর্মকাণ্ড ও সশস্ত্র সংগ্রামে উসকানির অভিযোগে গ্রেপ্তার করেছিল। অন্যদিকে, আসামি পক্ষের আইনজীবী খাইরা আক্রমজিত সিংহ আদালতে যুক্তি দেন, তার মক্কেল কেবল মুসলিম কর্মীদের জন্য ছুটির দিনে প্রার্থনা ও চিন্তাভাবনার একটি সুযোগ সৃষ্টি করতে চেয়েছিলেন। তিনি কখনোই জাতি বা ধর্মের মাধ্যমে অস্থিতিশীলতা সৃষ্টির সঙ্গে জড়িত ছিলেন না। আদালত আরও জানায়, আসামির বিরুদ্ধে তৃতীয় একটি অভিযোগ বিবেচনায় নেওয়া হলেও তার জন্য আলাদা শাস্তি নির্ধারণ করা হয়নি। একই সঙ্গে তাকে সতর্ক করে বলা হয়েছে, ভবিষ্যতে এমন কর্মকাণ্ড ঘটলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

## শিশির মনির

(শেষ পৃষ্টার পর)
রাজনৈতিক উদ্ভাবন। কিন্তু রাজনৈতিক নেতাদের দূরদর্শিতার অভাবেই এই ব্যবস্থা বাতিল করা হয়েছিল। তত্ত্বাবধায়ক সরকার পুনর্বহাল হলেও আগামী নির্বাচন অনুষ্ঠিত হবে বর্তমান অন্তর্বর্তী সরকারের অধীনেই।" এর আগে, তৃতীয় দিনের শুনানিতে তিনি আদালতকে বলেন, "যেভাবে তত্ত্বাবধায়ক সরকার বাদ দেওয়া হয়েছিল, তা ছিল পরিকল্পিত পদক্ষেপ।" উল্লেখ্য, গত ২৭ আগস্ট তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিলের রায় পুনর্বিবেচনা চেয়ে করা আবেদন মঞ্জুর করেন সর্বোচ্চ আদালত, এবং এ সময় আপিলের অনুমতি দেওয়া হয়। এরপর সুশাসনের জন্য নাগরিক (সুজন)-এর সম্পাদক ড. বদিউল আলম মজুমদার, বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, জামায়াতের সেক্রেটারি জেনারেল গোলাম পরওয়ারসহ পাঁচজন এ বিষয়ে পৃথক আপিল করেন। ২০১১ সালে সংখ্যাগরিষ্ঠ মতামতের ভিত্তিতে তৎকালীন প্রধান বিচারপতি এবিএম খায়রুল হকের নেতৃত্বাধীন আপিল বিভাগ তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিলের রায় দেন।

## নাহিদ ইসলাম

(শেষ পৃষ্টার পর)
জনগণের অনেক প্রত্যাশা রয়েছে আমাদের প্রতি। আমরা নিজেদের স্বাতন্ত্র্য নিয়েই এগিয়ে যেতে চাই।" জুলাই সনদ স্বাক্ষর প্রসঙ্গে তিনি বলেন, "জুলাই সনদ বাস্তবায়নে গণভোট হবে। গণভোটের মাধ্যমেই ড. ইউনূস এই আদেশ স্বাক্ষর করবেন। রাষ্ট্রপতি বিদ্যমান সংবিধানের আলোকে এই আদেশ স্বাক্ষর করতে পারবেন না, কারণ এটি সাংঘর্ষিক। কোনো নোট অব ডিসেন্ট থাকলে আমরা তাতে স্বাক্ষর করব না।" নির্বাচনকে ঘিরে ষড়যন্ত্রের অভিযোগ তুলে নাহিদ ইসলাম বলেন, "ফ্যাসিবাদী শক্তি নির্বাচনকে ঘিরে ষড়যন্ত্র করছে। আওয়ামী লীগ ও কিছু বৈদেশিক শক্তি নির্বাচন বানচালের চেষ্টা করছে। ১৪ দল আবারও আওয়ামী লীগকে পুনর্বাসনের প্রচেষ্টা চালাচ্ছে।" ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন প্রসঙ্গে এনসিপি আহ্বায়ক বলেন, "আগের ধাঁচে তত্ত্বাবধায়ক সরকার হবে না। ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বেই নির্বাচন অনুষ্ঠিত হবে।" শাপলা প্রতীক প্রসঙ্গে তিনি ক্ষোভ প্রকাশ করে বলেন, "নির্বাচন ও রাজনৈতিক কার্যক্রম ব্যাহত করতে ইচ্ছাকৃতভাবে এনসিপিকে শাপলা প্রতীক দেওয়া হচ্ছে না। এটি নির্বাচন কমিশনের স্বেচ্ছাচারিতা। তারা গায়ের জোরে কাজ করছে। রাজনৈতিকভাবে প্রয়োজনে রাজপথেই এ প্রতীক আদায় করা হবে।

## কিম জং উনের সঙ্গে দেখা করতে চান ট্রাম্প, সাড়া নেই উত্তর কোরিয়ার

সূর্যোদয় প্রতিবেদন

উত্তর কোরিয়ার নেতা কিম জং উনের সঙ্গে আবারও বৈঠক করতে চান যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তবে এখন পর্যন্ত পিয়ংইয়ংয়ের পক্ষ থেকে কোনো সাড়া পাওয়া যায়নি বলে জানিয়েছেন ওয়াশিংটন ও সিউলের কর্মকর্তারা। দক্ষিণ কোরিয়া সফরের আগে ট্রাম্প একাধিকবার কিমকে সাক্ষাতের আমন্ত্রণ পাঠিয়েছেন বলে দুই দেশের কূটনৈতিক সূত্র নিশ্চিত করেছে। তবে তারা জানিয়েছেন, এখনও কোনো আনুষ্ঠানিক প্রস্তুতি বা বৈঠকের সময়সূচি নির্ধারিত হয়নি। এর মধ্যেই উত্তর কোরিয়া দাবি করেছে, তারা সম্প্রতি একটি নতুন হাইপারসনিক ব্যালিস্টিক মিসাইলের পরীক্ষা চালিয়েছে, যা যুক্তরাষ্ট্রের সঙ্গে উত্তেজনা বাড়াতে পারে। এশিয়া সফরের শুরুতে ট্রাম্প সাংবাদিকদের বলেন, "আমার কিম জং উনের সঙ্গে ভালো সম্পর্ক ছিল। যদি তিনি দেখা করতে চান, আমি প্রস্তুত। আমরা কোনো আনুষ্ঠানিক বার্তা পাঠাইনি, তবে তিনি জানেন আমি সেখানে যাচ্ছি।" কিমকে আলোচনায় আনতে যুক্তরাষ্ট্র কী কৌশল নেবেড়এমন প্রশ্নে ট্রাম্প বলেন, "নিষেধাজ্ঞা এটাই আমাদের সবচেয়ে বড় অস্ত্র।" ২০১৮ ও ২০১৯ সালে ট্রাম্প ও কিম তিন দফা বৈঠকে মিলিত হয়েছিলেন। তবে পরমাণু কর্মসূচি নিয়ে মতবিরোধের কারণে আলোচনাগুলো ভেঙে যায়। এরপর থেকে উত্তর কোরিয়া কঠোর আন্তর্জাতিক নিষেধাজ্ঞার মুখে রয়েছে। গত মাসে এক বক্তৃতায় কিম ইঙ্গিত দিয়েছিলেন, যদি যুক্তরাষ্ট্র তাদের "অযৌক্তিক নিরস্ত্রীকরণ দাবি" থেকে সরে আসে এবং শান্তিপূর্ণ সহাবস্থানের নীতি গ্রহণ করে, তাহলে তিনি আবারও আলোচনায় বসতে আগ্রহী। তবে এখন পর্যন্ত বৈঠকের কোনো প্রস্তুতির ইঙ্গিত মেলেনি। মার্কিন কর্মকর্তারা জানিয়েছেন, ট্রাম্পের সফরসূচিতে দক্ষিণ ও উত্তর কোরিয়ার সীমান্তবর্তী ডিমিলিটারাইজড জোন (উগত) পরিদর্শনের বিষয়টি বিবেচনা করা হয়েছিল, কিন্তু তা এখনো চূড়ান্ত হয়নি। দক্ষিণ কোরিয়ার নতুন প্রেসিডেন্ট লি জে মিয়ং, যিনি গত জুনে দায়িত্ব গ্রহণ করেছেন, উত্তর কোরিয়ার সঙ্গে সম্পর্ক স্বাভাবিক করার চেষ্টা করছেন। তিনি প্রস্তাব দিয়েছেন, ট্রাম্প চাইলে তাঁর সফরকালে কিম জং উনের সঙ্গে আলোচনা উদ্যোগ নিতে পারেন। দক্ষিণ কোরিয়ার একীকরণ মন্ত্রী চুং ডং-ইয়ং জানিয়েছেন, পিয়ংইয়ং আগামী মঙ্গলবার বা বুধবার ট্রাম্পের প্রস্তাবের বিষয়ে আনুষ্ঠানিক প্রতিক্রিয়া জানাতে পারে।

## ট্রাম্পের নিষেধাজ্ঞার পর রাশিয়ার তেল কেনা বন্ধ করল ভারত

সূর্যোদয় প্রতিবেদন

মার্কিন প্রশাসনের নতুন নিষেধাজ্ঞার পর রাশিয়া থেকে অপরিশোধিত তেল কেনা স্থগিত করেছে ভারতীয় শোধনাগারগুলো। অর্থ প্রদানে অনিশ্চয়তা তৈরি হওয়ায় তারা নতুন করে তেল আমদানি না করার সিদ্ধান্ত নিয়েছে। বার্তা সংস্থা রয়টার্স জানিয়েছে, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন রাশিয়ার প্রধান দুই তেল কোম্পানি লুকঅয়েল ও রসনেফটের ওপর নিষেধাজ্ঞা আরোপ করার পর ভারতীয় ক্রেতারা অচলাবস্থায় পড়েছেন। তারা এখন সরকার ও সরবরাহকারীদের কাছ থেকে অর্থ লেনদেনের বিষয়ে স্পষ্ট নির্দেশনার অপেক্ষায় রয়েছেন। একাধিক সূত্র জানিয়েছে, নির্দেশনা না পাওয়া পর্যন্ত রাশিয়া থেকে তেল আমদানি সম্পূর্ণভাবে স্থগিত থাকবে। এরই মধ্যে কিছু শোধনাগার জরুরি চাহিদা মেটাতে স্পট মার্কেট বা অস্থায়ী বাজার থেকে তেল কেনার উদ্যোগ নিয়েছে। রাষ্ট্রীয় মালিকানাধীন ইন্ডিয়ান অয়েল করপোরেশন (আইওসি) নতুন করে তেল আমদানির টেন্ডার আহ্বান করেছে। একই সঙ্গে ভারতের বৃহত্তম বেসরকারি শোধনাগার রিলায়েন্স ইন্ডাস্ট্রিজও স্পট মার্কেটে তেল কেনা বাড়িয়েছে। রয়টার্সের প্রতিবেদনে বলা হয়, নতুন মার্কিন নিষেধাজ্ঞা ভারতীয় ক্রেতাদের তেল সরবরাহ ও অর্থপ্রদানের প্রক্রিয়া পুনর্মূল্যায়ন করতে বাধ্য করেছে।

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
### জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
### মেহেরপুর।

স্মারক নং -জেশিঅ/মেহের/৫৭৮

মেহেরপুর সদর উপজেলাধীন যাদুখালি স্কুল এন্ড কলেজের গভর্নিং বডি গঠনের জন্য নির্বাচনী তফসিল

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর এর স্মারক নং -০৫.৪৪.৫৭০০.০১৮.১৮.০৩৭.২৫-৪৫৩

মোতাবেক প্রিজাইডিং অফিসার নিয়োগপ্রাপ্ত হয়ে আমি আখতারুজ্জামান, গবেষণা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস মেহেরপুর, যাদুখালি স্কুল এন্ড কলেজের ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে ১। সাধারণ শিক্ষক প্রতিনিধি, ২। সংরক্ষিত মহিলা শিক্ষক প্রতিনিধি, ৩। সাধারণ অভিভাবক সদস্য, ৪। সংরক্ষিত মহিলা অভিভাবক সদস্য ৫। প্রতিষ্ঠাতা সদস্য, ৬। দাতা সদস্য ও অন্যান্য পদে নির্বাচনের জন্য নিম্ন সময়সূচী অনুযায়ী নির্বাচনী তফসিল ঘোষণা করলাম। নির্বাচনে অংশগ্রহণ করতে ইচ্ছুক সকল পদের ভোটারদেরকে বর্ণিত সময় অনুযায়ী অফিস চলাকালীন মনোনয়নপত্র গ্রহণ করে তথ্য পূরণ পূর্বক জমা প্রদানের জন্য অনুরোধ করা হলোঃ

১। সকল শ্রেণীর মনোনয়নপত্র গ্রহণ ও জমাদানঃ ২-৫ নভেম্বর- ২০২৫ (সকাল ১০ঃ০০ থেকে বিকাল ৪ঃ০০ টা পর্যন্ত) রবিবার থেকে বুধবার
স্থানঃ অধ্যক্ষের কার্যালয় যাদুখালি স্কুল এন্ড কলেজ

২। সকল শ্রেণীর মনোনয়নপত্র বাছায়ঃ ৬/১১/২০২৫ বৃহস্পতিবার বেলা ১১ টা)।
স্থানঃ অধ্যক্ষের কার্যালয় যাদুখালি স্কুল এন্ড কলেজ।

৩। সকল শ্রেণীর মনোনয়নপত্র প্রত্যাহারঃ ৯/১১/২০২৫, রবিবার, সকাল ১০ টা থেকে বিকাল ৪টা পর্যন্ত।
স্থানঃ অধ্যক্ষের কার্যালয় যাদুখালি স্কুল এন্ড কলেজ।

৪। বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশঃ ১১/১১/২০২৫ (মঙ্গলবার) বিকাল ৪ টা।
স্থানঃ যাদুখালি স্কুল এন্ড কলেজ।

৫। নির্বাচনঃ ১৭/১১/২০২৫ (সকাল ১০টা থেকে বিরতিহীন ভাবে বিকাল ৪ টা পর্যন্ত।
স্থানঃ অধ্যক্ষের কার্যালয় যাদুখালি স্কুল এন্ড কলেজ।

আখতারুজ্জামান
প্রিজাইডিং অফিসার
ও গবেষণা কর্মকর্তা
জেলা শিক্ষা অফিস, মেহেরপুর।